নুশিন ইলেকট্রনিক্স
প্রোঃ মোঃ রেদওয়ান
এখানে সকল প্রকার ব্যাটারী (আইপিএস, গাড়ি, সৌর বিদ্যুৎ, চার্জার ফ্যানসহ অন্যান্য ব্যাটারী), ইলেকট্রিক মালামাল ও হাইব্রিড সোলার বিক্রয় এবং সরবরাহ করা হয়।
স্টেডিয়াম রোড, (টি.এন.টি অফিস সংলগ্ন) চাঁদপুর।
মোবাইল : ০১৮১৮৩১৭৮২৪, ০১৯৬১১০০৩০৫

দৈনিক
চাঁদপুর দিগন্ত
The Daily Chandpur Diganta
সত্য প্রকাশে অবিচল
সরকারি বিজ্ঞাপন তালিকাভুক্ত
সোমবার
রেজিঃ নং-চ-৫১৩
১২ অক্টোবর ২০২৬
২১ তম বর্ষ : সংখ্যা-৬৯
২৭ আশ্বিন ১৪৩৩ বঙ্গাব্দ
২৯ রবি: সানি ১৪৪৮ হিজরী
মূল্য ৫ টাকা
E-mail : dailydiganta@gmail.com
Website : www.chandpurdiganta.com

শাহরাস্তিতে অসাধু চক্রের দাপটে বিলীন হচ্ছে আবাদি জমি

বিশেষ প্রতিনিধি

প্রশাসনের কঠোর নজরদারি, ভ্রাম্যমাণ আদালতের অভিযান কিংবা কৃষিজমি সুরক্ষার রাষ্ট্রীয় আইন-কোনো কিছুই থামাতে পারছে না অসাধু মাটিখেকোদের দৌরাত্ম্য। শীতের মৌসুমে এক্সেভেটর (ভেকু) আর বর্ষায় ড্রেজার দিয়ে অভিনব কায়দায় রাতের আঁধারে কেটে নেওয়া হচ্ছে কৃষিজমির ওপরের উর্বর অংশ, যা 'টপসয়েল' নামে পরিচিত। চাঁদপুর জেলার বিভিন্ন উপজেলার পাশাপাশি শাহরাস্তিতে এই অবৈধ মাটি কাটার তাণ্ডব এখন চরম আকার ধারণ করেছে।

শাহরাস্তি উপজেলার ১০টি ইউনিয়নের প্রায় প্রতিটিতেই ড্রেজার ও ভেকু দিয়ে মাটি কাটার দৃশ্য চোখ পড়ে। বর্ষা মৌসুমে বিশেষ পদ্ধতিতে নদীর তলদেশ কিংবা প্লাবিত জমি থেকে ডুব দিয়ে নৌকায় মাটি কেটে নিয়ে যাওয়া হচ্ছে। বিশেষ করে ডাকাতিয়া নদীর দুই পাড়ের আবাদি জমিতে এ ধরনের তৎপরতা সবচেয়ে বেশি।

সম্প্রতি উপজেলা প্রশাসন অভিযান চালিয়ে কৃষিজমির টপসয়েল কাটার অপরাধে দুই বালি ব্যবসায়ীকে চার লাখ টাকা জরিমানা, কয়েকশো মিটার পাইপলাইন ধ্বংস এবং একাধিক ড্রেজার মেশিন জব্দ করেছে। তবুও প্রশাসনের চোখ ফাঁকি দিয়ে আড়ালে-আবডালে থামছে না মাটি কাটার উৎসব।

শাহরাস্তি মূলত একটি কৃষি প্রধান এলাকা। খিলা খাল ও রাগৈ বিল খাল ভাসমান সেচ প্রকল্পসহ বিএডিসির বেশ কটি সেচ প্রকল্পের মাধ্যমে এ অঞ্চলের কৃষকরা জেলা ও দেশের খাদ্যের বড় একটি অংশের জোগান দিয়ে থাকেন। তবে সেচ প্রকল্পের পরিচালকদের দাবি, অবাধে মাটি কাটার ফলে দিন দিন আশঙ্কাজনক হারে কমে যাচ্ছে আবাদি জমির পরিমাণ। দেশকে খাদ্যে স্বয়ংসম্পূর্ণ করার পথে এই অবৈধ মাটি কাটা এখন প্রধান বাধা হয়ে দাঁড়িয়েছে। ২-এর পাতায় দেখুন

তুরস্ক সফর শেষে দেশে ফিরেছেন ডা. শফিকুর রহমান

দিগন্ত ডেস্ক

তুরস্ক সফর শেষে দেশে ফিরেছেন জাতীয় সংসদের বিরোধীদলীয় নেতা ও বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ডা. শফিকুর রহমান এমপি।

রোববার সকাল ৯টায় হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করেন তিনি। বিমানবন্দরে জামায়াত আমিরকে ফুলের তোড়া দিয়ে অভ্যর্থনা জানান সংগঠনের নায়েবে আমির এ টি এম আজহারুল ইসলাম এমপি, কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণ জামায়াতের আমির নূরুল ইসলাম বুলবুল এমপি এবং কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী উত্তরের আমির মো. সেলিম উদ্দিন।

গত ৭ অক্টোবর তুরস্কের ইস্তাম্বুল বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত 'সেকেন্ড ২-এর পাতায় দেখুন

চাঁদপুর জেলা আইনশৃঙ্খলা কমিটির মাসিক সভায় সভাপতির বক্তব্য রাখছেন চাঁদপুর জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান।

জেলা আইনশৃঙ্খলা কমিটির মাসিক সভায়
আইন নিজের হাতে তুলে নেয়ার বিষয়টি নিয়ন্ত্রণ করা হবে
--------জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান

স্টাফ রিপোর্টার

চাঁদপুর জেলা আইনশৃঙ্খলা কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়েছে। ১১ অক্টোবর (রবিবার) সকাল ১০টায় জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

সভায় সভাপতিত্ব করেন ও বক্তব্য রাখেন চাঁদপুর জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান। তিনি বলেন, চাঁদপুর জেলায় আইনশৃঙ্খলা পরিস্থিতি সহনীয় রয়েছে। আইন নিজের হাতে তুলে নেয়ার বিষয়টি নিয়ন্ত্রণ করতে হবে। যদি আইন নিজের হাতে তুলে নেয়ার প্রবণতা নিয়ন্ত্রণ করা না যায়, তাহলে তা দমন করা কঠিন হবে। যে কোনো আসামি বা মাদক ব্যবসায়ীকে আটক করলে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে জানাতে হবে। প্রয়োজনে প্রশাসনকেও জানাতে হবে। বাবুরহাটে আমরা দু'বার অভিযান পরিচালনা করেছি। প্রয়োজনে আবারও অভিযান পরিচালনা করা হবে।

জেলা প্রশাসক আরও বলেন, চাঁদপুরে মাদকের বিরুদ্ধে অভিযান অব্যাহত ২-এর পাতায় দেখুন

মতলব উত্তরে মা ইলিশ সংরক্ষণ অভিযানে নেতৃত্ব দেন উপজেলা নির্বাহী কর্মকর্তা মাহমুদা কুলসুম মনি।

মতলব উত্তরে ১০ জেলে আটক : ৭ জনের কারাদণ্ড

মতলব উত্তর প্রতিনিধি

মতলব উত্তরের মা ইলিশ রক্ষায় মেঘনা নদীতে মৎস্য অধিদপ্তর ও নৌ পুলিশের যৌথ অভিযানে ১০ জনকে আটক করা হয়েছে। পরে ভ্রাম্যমাণ আদালতের মাধ্যমে সাতজনকে ২০ দিন করে বিনাশ্রম কারাদণ্ড এবং একজনকে ২ হাজার টাকা জরিমানা করা হয়। ২-এর পাতায় দেখুন

চাঁদপুরে মাদকসহ গ্রেপ্তার ২০, কিশোর গ্যাং বিরোধী অভিযানে আটক ৭০

স্টাফ রিপোর্টার

চাঁদপুরে মাদকবিরোধী বিশেষ অভিযানে একদিনে ২০ জনকে গ্রেপ্তার করেছে জেলা পুলিশ। একই সময়ে 'কিশোর গ্যাং' বিরোধী অভিযানে আটক করা হয়েছে ৭০ জনকে।

এছাড়া ৫১টি ইয়াবা ও ২৯৩ গ্রাম গাঁজাও জব্দ করা হয়েছে অভিযানে।

শনিবার জেলার বিভিন্ন থানা এলাকায় এসব অভিযান চালানো হয় বলে রোববার সকালে জানিয়েছেন অতিরিক্ত পুলিশ সুপার (ক্রাইম অ্যান্ড অপস) নাদিয়া নূর।তিনি বলেন, চাঁদপুর সদর মডেল থানার পুলিশ মাদকবিরোধী অভিযানে বিভিন্ন মাদকদ্রব্য সেবনের অপরাধে আটজনকে গ্রেপ্তার করে। এ ছাড়া ১১টি ইয়াবাসহ আরও একজনকে ২-এর পাতায় দেখুন

সৌদির আন্তর্জাতিক বিমানবন্দরে ভয়াবহ হামলা, দুই বাংলাদেশিসহ নিহত ১২

দিগন্ত ডেস্ক

সৌদি আরবের রাজধানী রিয়াদে কিং খালিদ আন্তর্জাতিক বিমানবন্দরে আবারও ভয়াবহ এক হামলা চালিয়েছে হুতিরা। অন্তত ১২ জনের প্রাণহানি ঘটেছে এ হামলায়। নিহতদের মধ্যে দুজন বাংলাদেশিও আছেন। এছাড়া, আহত হয়েছেন আরও ৩০৯ জন।

রোববার (১১ অক্টোবর) আন্তর্জাতিক বার্তাসংস্থা রয়টার্স ও এএফপির পৃথক প্রতিবেদন থেকে নিশ্চিত হওয়া গেছে এ তথ্য।

এদিন ভোরে এক বিবৃতিতে সৌদি আরবে জেনারেল অথরিটি অফ সিভিল এভিয়েশন (জিএসিএ) জানায়, শনিবার গভীর রাতের ওই হামলায় চারজন সৌদি নাগরিক, দুজন বাংলাদেশি এবং একজন করে মার্কিন, মিশরীয়, জর্ডানীয়, সিরীয়, ফিলিস্তিনি ও সুদানি নাগরিক নিহত হয়েছেন।

বিবৃতিতে আরও জানানো হয়, আহতদের মধ্যে কয়েকজনের অবস্থা আশঙ্কাজনক। তাদের সবাইকে হাসপাতালে চিকিৎসা দেওয়া হচ্ছে। হামলায় সম্পদেরও অনেক ক্ষয়ক্ষতি হয়েছে।

এদিকে ভয়াবহ এই হামলা চালানোর পরপরই দায় স্বীকার করে নিয়েছে হুতিরা। ইরান-সমর্থিত গোষ্ঠীটির জ্যেষ্ঠ কর্মকর্তা মোহাম্মদ আল-বুখাইতি দায় স্বীকার করে বলেছেন, ইয়েমেনে সৌদি হামলার জবাবে এ হামলা চালানো হয়েছে। সৌদি হামলায় বেসামরিক অবকাঠামোও লক্ষ্যবস্তু হয়েছে বলে অভিযোগ করেছেন তিনি। চলতি ২-এর পাতায় দেখুন

চাঁদপুরে ৭ লাখ ১৪ হাজার মিটার অবৈধ জাল জব্দ।

চাঁদপুরে নৌবাহিনীর অভিযানে ৭ কোটি টাকার জাল জব্দ

স্টাফ রিপোর্টার

চাঁদপুরে মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৬-এর আওতায় অবৈধ জালবিরোধী অভিযান অব্যাহত রেখেছে বাংলাদেশ নৌবাহিনী। জেলার বিভিন্ন নদ-নদী ও উপকূলীয় এলাকায় পরিচালিত অভিযানে এ পর্যন্ত ৭ লাখ ১৪ হাজার ৮৭০ মিটার অবৈধ জালসহ অন্যান্য ২২টি জাল জব্দ করা হয়েছে। জব্দকৃত জালের আনুমানিক বাজারমূল্য ৬ কোটি ৯৯ লাখ ৮৬ হাজার ৯০০ টাকা।

রোববার (১১ অক্টোবর) বাংলাদেশ নৌবাহিনীর এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সংবাদ বিজ্ঞপ্তিতে ২-এর পাতায় দেখুন

হামের উপসর্গে আরো ৭ শিশুর মৃত্যু, আক্রান্ত ১২৭৩

দিগন্ত ডেস্ক

দেশে রোববার সকাল ৮টা পর্যন্ত গত ২৪ ঘণ্টায় হামের উপসর্গ নিয়ে সাত শিশুর মৃত্যু হয়েছে। এ সময়ে হাম ও হামের উপসর্গ নিয়ে আক্রান্ত হয়েছে ১ হাজার ২৭৩ শিশু।

রোববার (১১ অক্টোবর) বিকেলে স্বাস্থ্য অধিদফতরের হামবিষয়ক হালনাগাদ প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, গত ২৪ ঘণ্টায় দেশে হামের উপসর্গ নিয়ে আরো সাত শিশুর মৃত্যু হয়েছে। তবে নিশ্চিতভাবে হামে আক্রান্ত হয়ে কোনো শিশুর মৃত্যু হয়নি।

এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত সারা দেশে হামের উপসর্গ নিয়ে মৃত্যু হয়েছে মোট ১ হাজার ৫৮ শিশুর। আর হামে আক্রান্ত হয়ে আরো ১০৪ শিশুর মৃত্যু হয়েছে। অর্থাৎ হাম ও হামের উপসর্গ নিয়ে এই সময়ে মোট ১ হাজার ১৬২টি শিশু মারা গেছে।

এছাড়া ২৪ ঘণ্টায় ৯৩ শিশু হামে আক্রান্ত হয়েছে, আর হামের উপসর্গজনিত রোগীর সংখ্যা ১ হাজার ১৮০। এই সময়ে ২-এর পাতায় দেখুন

হাজীগঞ্জে ইয়াবাসহ যুবক গ্রেফতার

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জে পাঁচ পিস ইয়াবা ট্যাবলেটসহ মো. রাশেদ হোসেন (২৮) নামের এক যুবককে গ্রেপ্তার করেছে পুলিশ।

শনিবার (১০ অক্টোবর) রাতে হাজীগঞ্জ থানার পুলিশের একাধিক দল উপজেলার বিভিন্ন এলাকায় অভিযান চালিয়ে তাঁকে গ্রেপ্তার করে। এ সময় তাঁর কাছ থেকে পাঁচ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। গ্রেপ্তার রাশেদ হোসেন হাজীগঞ্জ পৌরসভার ৪ নম্বর ওয়ার্ডের মকিমাবাদ গ্রামের বাসিন্দা। তাঁর বাবার নাম মো. ফারুক হোসেন এবং মায়ের নাম রাশেদা বেগম।

হাজীগঞ্জ থানা-পুলিশের প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়, থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) কাওসার আলম ২-এর পাতায় দেখুন

দেশে এখনো সাংস্কৃতিক ফ্যাসিস্টরা সক্রিয় : নূরুল ইসলাম বুলবুল

দিগন্ত ডেস্ক

বাংলাদেশ জামায়াতে ইসলামীর ঢাকা মহানগরী দক্ষিণের আমির মো. নূরুল ইসলাম বুলবুল বলেছেন, ৩৬ জুলাই আন্দোলনের পরেও দেশের আনাচে-কানাচে কালচারাল ফ্যাসিস্টরা এখনো বিভিন্নভাবে অবস্থান করছে। তাদের কারণে বাংলাদেশ আজও হুমকির মুখে রয়েছে এবং তাদের মোকাবিলায় সাংস্কৃতিক যোগ্যতা অর্জন করতে হবে।

তিনি বলেন, চূড়ান্ত বিপ্লবের বিজয় লাভের জন্য সাংস্কৃতিক বিজয় অনস্বীকার্য। আমাদের সেই যোগ্যতা অর্জনে সর্বাত্মক প্রচেষ্টা চালিয়ে যেতে হবে।

শনিবার রাতে রাজধানীতে সিরাতুন্নবী (সা.) উপলক্ষে জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী ২-এর পাতায় দেখুন

বাকিলায় সম্পত্তিগত বিরোধে রিসিভার নিয়োগ

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জে বিরোধকৃত সম্পত্তিতে (ভূমি) রিসিভার নিয়োগ দিয়েছেন, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালতের বিচার উজালা রানী চাকমা। উপজেলার বাকিলা বাজারস্থ নিউ সুপার মার্কেটের একাংশের মধ্যে বিরোধৃত ভূমিতে তিনি পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত হাজীগঞ্জ থানার অফিসার ইনচার্জকে রিসিভার হিসেবে নিয়োগ দেন।

একই সঙ্গে হাজীগঞ্জ থানার অফিসার ইনচার্জকে বিরোধকৃত সম্পত্তিতে শান্তি-শৃঙ্খলা বজায় এবং উপজেলা সহকারী কমিশনারকে আগামি ৩০ দিনের মধ্যে নালিশি ভূমিতে দখল বিষয়ে মতামত'সহ প্রতিবেদন দাখিল ও ফৌজদারী কার্যবিধি আইনের ১৪৫ (১) এর বিধান মতে বাদী ও বিবাদীকে দখল সংক্রান্ত বিবৃতি প্রদানের জন্য বলা হয়েছে।

জানা গেছে, ইউনিয়নের সন্না মৌজার বাকিলা বাজারস্থ বাকিলা নিউ সুপার মার্কেটের একাংশ ভূমি ২-এর পাতায় দেখুন

শাহরাস্তিতে ইয়াবাসহ আটক ২

শাহরাস্তি প্রতিনিধি

শাহরাস্তি মডেল থানা পুলিশের পৃথক মাদকবিরোধী অভিযানে দুই ব্যক্তিকে গ্রেফতার করা হয়েছে। এ সময় তাদের কাছ থেকে মোট ছয় পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়। রবিবার (১১ অক্টোবর ২০২৬) শাহরাস্তি পৌরসভার দুটি পৃথক স্থানে অভিযান চালিয়ে তাদের গ্রেফতার করে পুলিশ। শাহরাস্তি মডেল থানার অফিসার ইনচার্জ (ওসি) মীর মাহবুবুর রহমানের তত্ত্বাবধানে পুলিশের পৃথক দল এ অভিযান পরিচালনা করে। পুলিশ সূত্রে জানা যায়, প্রথম অভিযানে শাহরাস্তি ২-এর পাতায় দেখুন

হাজীগঞ্জে সাজাপ্রাপ্ত আসামিসহ গ্রেফতার ৩

হাজীগঞ্জ প্রতিনিধি

হাজীগঞ্জে পৃথক অভিযানে জিআর মামলায় দুই বছরের সশ্রম কারাদণ্ডপ্রাপ্ত এক আসামি ও সিআর মামলার পরোয়ানাভুক্ত দুই আসামিকে গ্রেপ্তার করেছে থানা-পুলিশ।

শনিবার (১০ অক্টোবর) হাজীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. কাওসার ভূঁইয়ার সার্বিক দিকনির্দেশনায় থানা-পুলিশের পৃথক দল অভিযান চালিয়ে তাঁদের গ্রেপ্তার ২-এর পাতায় দেখুন

ইতিহাসে ১২ অক্টোবর

১৯৬৮ সালে ঘানা, স্পেনের কাছ থেকে স্বাধীনতা অর্জন করতে সক্ষম হয়। ১৯৬৮ সালে বিষুবীয় গিনি স্পেনের কাছ থেকে স্বাধীনতা লাভ করে। ১৯৭২ সালে বাংলাদেশের সংবিধান সর্বপ্রথম গণপরিষদে উত্থাপিত হয়। ১৯৯৯ সালে টাঙ্গাইলে মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিত্তি স্থাপন করা হয়। ২০০৮ সালে বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়, রংপুর প্রতিষ্ঠা লাভ করে। ২০১২ সালে ইউরোপীয় ইউনিয়ন নোবেল শান্তি পুরস্কার লাভ করে। ১৮৬৪ সালে জন্ম নেন কামিনী রায়, বাঙালি কবি। এইদিন বিশ্ব আর্থ্রাইটিস দিবস পালিত হয়।

মতলবে মহানবী (সা.)-কে নিয়ে কটূক্তির প্রতিবাদে মানববন্ধন ও বিক্ষোভ।

মতলবে মহানবী (সা.)-কে নিয়ে কটূক্তির প্রতিবাদে মানববন্ধন ও বিক্ষোভ মিছিল

মতলব উত্তর প্রতিনিধি

মতলব উত্তর উপজেলায় সামাজিক যোগাযোগমাধ্যমে বিশ্বনবী হযরত মুহাম্মদ (সা.)-কে নিয়ে কটূক্তির প্রতিবাদে মানববন্ধন ও বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে। রবিবার (১১ অক্টোবর) স্থানীয় আলেম-ওলামাদের উদ্যোগে এ কর্মসূচি পালিত হয়। উপজেলার সাদুল্লাপুর ইউনিয়নের জামালপুর গ্রামে সামাজিক যোগাযোগমাধ্যমে মহানবী হযরত মুহাম্মদ (সা.)-কে নিয়ে আপত্তিকর মন্তব্যের অভিযোগের প্রতিবাদে আয়োজিত মানববন্ধনে বিভিন্ন মসজিদ ও মাদ্রাসার আলেম-ওলামাসহ স্থানীয় ধর্মপ্রাণ মুসল্লিরা অংশ নেন। মানববন্ধন শেষে বিক্ষোভ মিছিলটি মতলব উত্তর থানার সামনে থেকে শুরু হয়ে ছেংগারচর স্কুল মাঠে ২-এর পাতায় দেখুন

স্থান পরিবর্তন
পুরাতন ঠিকানা
নতুন বাজার মোড়, চাঁদপুর।
নতুন ঠিকানা
বিদ্যুৎ অফিসের অপর পাশে, নতুনবাজার, চাঁদপুর।
নিউ ক্যাফে ঝীল হোটেল এন্ড রেষ্টুরেন্ট
মোবাইল : ০১৮১৯-১৪২০২৫, ০১৭৩৪-৮৩৫২০৪

দৈনিক চাঁদপুর দিগন্ত

The Daily Chandpur Diganta — সত্য প্রকাশে অবিচল

সোমবার ১২ অক্টোবর ২০২৬, ২৭ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ, ২৯ রবিঃ সানি ১৪৪৮ হিজরী

ডেঙ্গুতে মৃত্যু ৩০০ ছাড়াল, আক্রান্ত লাখ ছুঁইছুঁই

দিগন্ত ডেস্ক

দেশে গত ২৪ ঘণ্টায় ডেঙ্গুতে আরো চারজনের মৃত্যু হয়েছে। এ নিয়ে চলতি বছর দেশে ডেঙ্গুতে মৃতের সংখ্যা তিন শ’ ছাড়িয়ে গেলো।
একই সময় সারাদেশে নতুন করে দুই হাজার ১৯৩ জন ডেঙ্গু আক্রান্ত হয়ে হাসপাতালে ভর্তি হয়েছে। এ নিয়ে ডেঙ্গু আক্রান্তের সংখ্যা লাখ ছুঁইছুঁই।
রোববার স্বাস্থ্য অধিদফতরের হেলথ অ্যান্ড ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুমের সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে।
স্বাস্থ্য অধিদফতরের তথ্য অনুযায়ী, সর্বশেষ এ মৃত্যুর পর চলতি বছর ● ২-এর পাতায় দেখুন

সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্তদের চেক হস্তান্তর করছেন চাঁদপুর জেলা প্রশাসক আহমেদ জিয়াউর রহমান।

চাঁদপুরে সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত ৩২ পরিবার পেল ১ কোটি ১৬ লাখ টাকার চেক

শহর প্রতিনিধি

চাঁদপুরে সড়ক দুর্ঘটনায় নিহত ও গুরুতর আহত ব্যক্তিদের পরিবারের পুনর্বাসনে আর্থিক সহায়তার চেক বিতরণ করা হয়েছে। বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ) ট্রাস্টি বোর্ড ও চাঁদপুর জেলা প্রশাসনের যৌথ উদ্যোগে সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত ৩২টি পরিবারের মাঝে মোট ১ কোটি ১৬ লাখ টাকার এ চেক বিতরণ করা হয়। রোববার দুপুরে জেলা প্রশাসক সম্মেলন কক্ষে আয়োজিত এক অনুষ্ঠানে আনুষ্ঠানিকভাবে ক্ষতিগ্রস্ত পরিবারগুলোর হাতে এসব সহায়তার চেক তুলে দেওয়া হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে ক্ষতিগ্রস্তদের মাঝে চেক হস্তান্তর করেন চাঁদপুর জেলা প্রশাসক আহমেদ জিয়াউর ● ২-এর পাতায় দেখুন

ব্যাপক আনন্দ-উৎসাহে কামতা বাজার ব্যবসায়ী সমিতির নির্বাচন

ফরিদগঞ্জ প্রতিনিধি

দীর্ঘদিনের প্রচার-প্রচারণা ও নির্বাচনী ব্যস্ততার পর ব্যাপক আনন্দ-উৎসাহ ও উৎসবমুখর পরিবেশে অনুষ্ঠিত হয়েছে ফরিদগঞ্জ উপজেলার ৪নং সুবিদপুর পশ্চিম ইউনিয়নের ঐতিহ্যবাহী কামতা বাজার ব্যবসায়ী সমিতির নির্বাচন। শনিবার (১০ অক্টোবর) সকাল থেকে দুপুর পর্যন্ত ভোটারদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণে শান্তিপূর্ণ পরিবেশে ভোটগ্রহণ অনুষ্ঠিত হয়।
শনিবার সকাল ১০টা থেকে দুপুর ২টা পর্যন্ত কামতা ডি.এস. ফাযিল মাদ্রাসায় ব্যবসায়ী সমিতির নির্বাচনের ভোটগ্রহণ চলে। নির্বাচনে সভাপতি ও সাধারণ সম্পাদকসহ মোট ১১টি পদে ১৮ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেন। ● ২-এর পাতায় দেখুন

কচুয়া রহিমানগর বাজার ব্যবসায়ীদের সঙ্গে মতবিনিময় সভা বক্তব্য রাখছেন শিক্ষা, প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী ড. আ. ন. ম. এহছানুল হক মিলন।

কচুয়া রহিমানগর বাজার পরিচালনায় ১১ সদস্যের এডহক কমিটি গঠন

স্টাফ রিপোর্টার

কচুয়া উপজেলার ঐতিহ্যবাহী রহিমানগর বাজারের ব্যবসায়ীদের সঙ্গে মতবিনিময় সভা করেছেন শিক্ষা, প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী ড. আ. ন. ম. এহছানুল হক মিলন। সভায় ব্যবসায়ীদের মতামতের ভিত্তিতে বাজার পরিচালনার জন্য তিন মাস মেয়াদি ১১ সদস্যবিশিষ্ট একটি এডহক কমিটি গঠন করা হয়েছে। শনিবার (১০ অক্টোবর) বিকেলে রহিমানগর বাজারসংলগ্ন শিক্ষামন্ত্রীর (গোবিন্দপুর) গ্রামের বাড়ির ● ২-এর পাতায় দেখুন

দূর্গাপুজা উপলক্ষে হাইমচরে প্রস্তুতি সভা

হাইমচর প্রতিনিধি

হাইমচর উপজেলায় আসন্ন দূর্গাপুজা উপলক্ষে রোববার দুপুর পরিষদ সভাকক্ষে প্রস্তুতিমূলক সভা নির্বাহী অফিসার মোঃ নজরুল ইসলাম এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। এসময় উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক মোঃ মাজহারুল ইসলাম শফিক, উপজেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ হারুন-উর-রশিদ, ২নং দক্ষিণ আলগী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ আতিকুর রহমান পাটওয়ারী, ৪নং নীলকমল ইউনিয়ন পরিষদের ভারপ্রাপ্ত চেয়ারম্যান মোঃ মনির সিকদার, উপজেলা প্রকৌশলী কর্মকর্তা মোঃ আশরাফুল হাসান, যুব উন্নয়ন কর্মকর্তা মোঃ আজহারুল ইসলাম, মহিলা বিষয়ক কর্মকর্তা সার্জিয়া আফরিন,উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার মোঃ মোস্তফা কামাল, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সোহেল রানা পাপ্পু, উপজেলা কৃষি ● ২-এর পাতায় দেখুন

হাইমচরে দূর্গাপুজার প্রস্তুতি সভায় সভাপতিত্ব করেন নির্বাহী অফিসার মোঃ নজরুল ইসলাম।

হাইমচরে জাল জব্দ, মা ইলিশ অবমুক্ত

হাইমচর প্রতিনিধি

জাতীয় সম্পদ ইলিশ রক্ষায় ‘মা ইলিশ সংরক্ষণ অভিযান-২০২৬’ উপলক্ষে চাঁদপুর জেলা প্রশাসন ও উপজেলা টাস্কফোর্স কমিটির যৌথ উদ্যোগে মেঘনা নদীতে এক বিশেষ অভিযান পরিচালিত হয়েছে।
শনিবার বেলা ১১টা থেকে বিকেল ৩টা পর্যন্ত মেঘনা নদীর বিভিন্ন গুরুত্বপূর্ণ ও ঝুঁকিপূর্ণ পয়েন্টে এ অভিযান পরিচালনা করা হয়।
উপজেলা টাস্কফোর্স সূত্রে জানা যায়, সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর, হাইমচর এবং কোস্টগার্ড হাইমচর কন্টিনজেন্টের সমন্বয়ে গঠিত যৌথ ● ২-এর পাতায় দেখুন

প্যাপিরাস পাঠাগারের প্রথম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

শহর প্রতিবেদক

প্রাণের শক্তি বাড়ায় বই, বই পড়ে মানুষ হই-স্লোগানে ১০ অক্টোবর ২০২৫ সালে যাত্রা শুরু করে প্যাপিরাস পাঠাগার। এরপর যুবসমাজকে বইমুখী করতে নানামুখি পদক্ষেপ গ্রহণ করে এ পাঠাগার। শিক্ষাবৃত্তি প্রদান, স্কুলব্যাগ উপহার, শিক্ষা উপকরণ বিতরণ, সাহিত্য আড্ডা ও গুরুত্বপূর্ণ দিবস পালনের পাশাপাশি ‘লোরাম’ নামের একটি শিল্প-সাহিত্যের কাগজও প্রকাশ করে আসছে প্রতিষ্ঠানটি। শনিবার ১০ অক্টোবর সন্ধ্যায় চাঁদপুর সাংবাদিক ক্লাবে কেক কাটা ও আলোচনা সভার মধ্য দিয়ে পাঠাগারের প্রথম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপিত হয়। প্রধান পরিচালক ● ২-এর পাতায় দেখুন

শাহরাস্তি মডেল থানা পুলিশের এ উদ্যোগে মাদকবিরোধী র‌্যালি।

শাহরাস্তিতে পুলিশের মাদকবিরোধী র‌্যালি ও সভা

সাইফুদ্দীন

শাহরাস্তিতে মাদকের ভয়াবহতা সম্পর্কে জনসচেতনতা সৃষ্টি, মাদক প্রতিরোধ এবং মাদকমুক্ত সমাজ গঠনের লক্ষ্যে মাদকবিরোধী র?্যালি ও সচেতনতামূলক সভা অনুষ্ঠিত হয়েছে। রোববার (১১ অক্টোবর) বিকেল ৩টা থেকে ৪টা পর্যন্ত শাহরাস্তি মডেল থানা পুলিশের উদ্যোগে উপজেলার সূচীপাড়া উত্তর ইউনিয়নের সূচীপাড়া উচ্চ বিদ্যালয়ে এ কর্মসূচির আয়োজন করা হয়। এতে নেতৃত্ব দেন শাহরাস্তি মডেল ● ২-এর পাতায় দেখুন

বালিয়ায় যুবদল নেতার উদ্যোগে বৃদ্ধাকে ঘর প্রদান

স্টাফ রিপোর্টার

অসহায় বৃদ্ধার পাশে দাঁড়িয়ে মানবিকতার দৃষ্টান্ত স্থাপন করেছেন চাঁদপুর জেলা যুবদলের ধর্মবিষয়ক সম্পাদক মো. আরিফুল ইসলাম গাজী। সদর উপজেলার ৯নং বালিয়া ইউনিয়নের ৭০ বছর বয়সী অসহায় বিধবা জাহানারা বেগমের জন্য তিনি নিজ অর্থায়নে একটি ঘর নির্মাণ করে দিয়েছেন।
জাহানারা বেগম বালিয়া ইউনিয়নের ৩নং ওয়ার্ডের পশ্চিম বালিয়া গ্রামের ● ২-এর পাতায় দেখুন

কদমতলী উন্নয়ন ফোরামের নতুন কমিটির পরিচিতি সভা ও মতবিনিময়

স্টাফ রিপোর্টার

কদমতলী উন্নয়ন ফোরামের নতুন কমিটির পরিচিতি সভা ও মতবিনিময় সভা গত ৮ অক্টোবর মতলব বালিকা উ”চ বিদ্যালয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ফোরামের সভাপতি নূর মোহাম্মদ টিপু।
এ সময় বক্তব্য রাখেন সিনিয়র সহসভাপতি মোঃ শামীম দেওয়ান, সহসভাপতি সামছুল আলম সোহেল মোল্লা, সাধারণ সম্পাদক বাবুল হোসেন মিয়াজী, প্রচার সম্পাদক নূর মোহাম্মদ টিপু সহ অন্যান্য সদস্যবৃন্দ। নবগঠিত কমিটিকে অভিনন্দন জানিয়েছেন চরমুকুন্দী ● ২-এর পাতায় দেখুন

শহরের মিশন রোডে রেলওয়ের খাল দখল করে স্থাপনা নির্মাণের চিত্র।

শহরের মিশন রোডে রেলওয়ের খাল দখল করে স্থাপনা নির্মাণ

স্টাফ রিপোর্টার

চাঁদপুর শহরের মিশন রোড এলাকায় রেলওয়ের খাল দখল করে অবৈধভাবে স্থাপনা নির্মাণের অভিযোগ উঠেছে চা দোকানদার আনোয়ার হোসেন মনা ও তার বোন হাসিনা বেগমের বিরুদ্ধে। স্থানীয়দের দাবি, রেলওয়ের খালের পানি বন্ধ করে ১২টি পিলার করে তারা ● ২-এর পাতায় দেখুন

আবশ্যক

মাদরাসাতু ইশায়াতিল উলুম আলিম মাদরাসা ইসলামপুর গাছতলা, ডাকঃ দারুসসালাম, উপজেলাঃ চাঁদপুর সদর, জেলাঃ চাঁদপুর এর এমপিও ভূক্ত নবসৃষ্ট পদে ১জন অফিস সহায়ক, ১জন পরিচ্ছন্নতা কর্মী আবশ্যক। আগ্রহী প্রার্থীগণকে সদ্য তোলা ২ কপি ছবি এবং বিধি মোতাবেক অন্যান্য কাগজপত্র সহ ২৮/১০/২০২৬ইং তারিখের মধ্যে অধ্যক্ষ বরাবর দরখাস্ত পৌঁছাতে হবে। -অধ্যক্ষ

চাঁদপুর প্রেস ক্লাব
CHANDPUR PRESS CLUB
কবি নজরুল সড়ক, চাঁদপুর-৩৬০০।

বিজ্ঞপ্তি

চাঁদপুর প্রেস ক্লাব সাংবাদিকতা পুরস্কার-২০২৬

চাঁদপুর প্রেস ক্লাবের উদ্যোগে সাংবাদিকতার মানোন্নয়ন, বস্তুনিষ্ঠ সংবাদচর্চা এবং অনুসন্ধানী সাংবাদিকতাকে উৎসাহিত করার লক্ষ্যে ‘চাঁদপুর প্রেস ক্লাব সাংবাদিকতা পুরস্কার-২০২৬’ প্রদানের উদ্যোগ নেওয়া হয়েছে।

এ উপলক্ষে চাঁদপুর জেলা সদর ও বিভিন্ন উপজেলায় কর্মরত সাংবাদিকদের কাছ থেকে ২০২৬ সালে প্রকাশিত বা প্রচারিত প্রতিবেদন আহ্বান করা হচ্ছে। জাতীয় ও স্থানীয় পত্রিকা এবং টেলিভিশনে প্রকাশিত বা প্রচারিত মানসম্মত, তথ্যনির্ভর ও জনস্বার্থসংশ্লিষ্ট প্রতিবেদন এ পুরস্কারের জন্য বিবেচিত হবে।

পুরস্কারের সম্ভাব্য ক্যাটাগরি
১. স্থানীয় পত্রিকায় প্রকাশিত প্রতিবেদন
২. জাতীয় পত্রিকায় প্রকাশিত প্রতিবেদন
৩. টেলিভিশনে প্রচারিত প্রতিবেদন
৪. টেলিভিশনে প্রচারিত বিশেষ প্রতিবেদন
৫. স্থানীয় পত্রিকায় প্রকাশিত ধারাবাহিক প্রতিবেদন
৬. অনুসন্ধানী প্রতিবেদন

১ জানুয়ারী ২০২৬ খ্রি. থেকে ১৫ অক্টোবর ২০২৬ খ্রি. পর্যন্ত প্রকাশিত প্রতিবেদন

প্রতিবেদন জমাদানের নিয়মাবলি
১. প্রতিবেদনটি ২০২৬ সালে প্রকাশিত বা প্রচারিত হতে হবে।
২. জমা দেওয়া প্রতিবেদনের সঙ্গে প্রকাশের তারিখ, পত্রিকার নাম বা টেলিভিশন চ্যানেলের নাম এবং প্রকাশিত বা প্রচারিত প্রতিবেদনের প্রমাণ সংযুক্ত করতে হবে।
৩. সংবাদপত্রে প্রকাশিত প্রতিবেদনের ক্ষেত্রে মূল পত্রিকার কপি বা নির্ভরযোগ্য ডিজিটাল লিংক জমা দিতে হবে। টেলিভিশন প্রতিবেদনের ক্ষেত্রে ভিডিও লিংক বা সম্প্রচারের প্রমাণ দিতে হবে।
৪. প্রতিবেদনে তথ্যের নির্ভুলতা, বস্তুনিষ্ঠতা, জনস্বার্থ, অনুসন্ধানী দক্ষতা ও সাংবাদিকতার নীতিমালা অনুসরণের বিষয়গুলো বিবেচনা করা হবে।
৫. প্রতিযোগীকে নিজের নাম, পদবি, কর্মরত গণমাধ্যমের নাম, মোবাইল নম্বর ও যোগাযোগের ঠিকানা উল্লেখ করতে হবে।
৬. নির্ধারিত জুরি বোর্ডের সিদ্ধান্ত অনুযায়ী বিজয়ীদের নির্বাচন করা হবে।

১৫ অক্টোবর ২০২৬ বৃহস্পতিবার এর মধ্যে জমা দিতে হবে

জমা দেওয়ার ঠিকানা
সভাপতি/সাধারণ সম্পাদক
চাঁদপুর প্রেস ক্লাব
কবি নজরুল সড়ক, চাঁদপুর।

বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ
01711-013444
01712-208871

সাংবাদিকতার উৎকর্ষ, সত্যনিষ্ঠ সংবাদচর্চা ও জনস্বার্থ রক্ষায় সাংবাদিকদের সৃজনশীল এবং দায়িত্বশীল ভূমিকা উৎসাহিত করাই এ উদ্যোগের মূল লক্ষ্য।

নিবেদক

সোহেল রুশদী
সভাপতি
চাঁদপুর প্রেস ক্লাব।

এম এ লতিফ
সাধারণ সম্পাদক
চাঁদপুর প্রেস ক্লাব।

শিক্ষার্থীদের অর্জনের পেছনে রয়েছে বাবা-মায়ের ভালোবাসা ও ত্যাগের গল্প : মাহদী আমিন

নিজস্ব প্রতিবেদক

প্রধানমন্ত্রীর শিক্ষা এবং প্রাথমিক ও গণশিক্ষা উপদেষ্টা মাহদী আমিন বলেছেন, প্রতিটি শিক্ষার্থীর অর্জন ও সাফল্যের পেছনে রয়েছে বাবা-মায়ের নির্ঘুম রাত, পরীক্ষার উদ্বেগ ও নানা চ্যালেঞ্জ পেরিয়ে দীর্ঘ পথচলার এক অসামান্য ত্যাগের গল্প। রোববার ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি (আইইউটি)-এর ৩৮তম সমাবর্তন অনুষ্ঠানে সমাবর্তন বক্তা হিসেবে তিনি এ কথা বলেন। সমাবর্তনে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহসানুল হক মিলন।
এ ছাড়া সমাবর্তনে বিশিষ্ট শিক্ষাবিদ অধ্যাপক ড. মোহাম্মদ কায়কোবাদ সমাবর্তন বক্তা হিসেবে উপস্থিত ছিলেন। আইইউটির উপাচার্য অধ্যাপক ড. মো. মামুন বিন ইবনে রিয়াজ সমাবর্তনে স্বাগত বক্তব্য রাখেন। গ্র্যাজুয়েটদের উদ্দেশে উপদেষ্টা মাহদী আমিন বলেন, ‘আজ যে সার্টিফিকেটটি পেয়েছেন, তা আপনাদের একটি আলোকিত এবং সমৃদ্ধ ক্যারিয়ারের জন্য প্রস্তুত করবে। তবে বর্তমানের এই সাফল্যের পেছনে রয়েছে এক ● ২-এর পাতায় দেখুন

উপদেষ্টা সম্পাদক ঃ অধ্যক্ষ মুহাম্মদ মাহবুবুর রহমান, সম্পাদক ও প্রকাশক ঃ এ্যাডভোকেট মোঃ শাহজাহান মিয়া, নির্বাহী সম্পাদক ঃ মুহাম্মদ ইলিয়াছ পাটওয়ারী, যুগ্ম সম্পাদক : আব্দুস শুকুর মন্তান, ব্যবস্থাপনা সম্পাদক ঃ এ্যাডভোকেট শাহজাহান খান, যুগ্ম বার্তা সম্পাদক ঃ আদনান আল মুরাদ, মফস্বল সম্পাদক ঃ এম এ গফুর, বিশেষ প্রতিনিধি ঃ আবু সুফিয়ান ভূইয়া, আইটি ইনচার্জ ঃ জি এম এমরান হোসেন সম্পাদক ও প্রকাশক কর্তৃক মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর থেকে প্রকাশিত, সিরাজ অফসেট প্রেস কুমিল্লা রোড, চাঁদপুর থেকে মুদ্রিত। অফিস- মিয়াজী ম্যানশন (৩য় তলা), নতুনবাজার, চাঁদপুর; ফোনঃ ০৮৪১-৬৭০৫৭ মোবাইল : ০১৭১২০৫০৩৪০, ০১৭১৫৯২৪৩০৮, ই-মেইল : digantachandpur@gmail.com, dailydiganta@gmail.com ওয়েব সাইট : www.chandpurdiganta.com

দৈনিক চাঁদপুর দিগন্ত
সোমবার ॥ ১২ অক্টোবর ২০২৬

সম্পাদকীয়

এলপিজি-সংকট

বিপিসির মাধ্যমে আমদানির উদ্যোগ নিতে হবে

তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের (এলপিজি) দাম নির্ধারণ করা হচ্ছে নিয়মিত, কিন্তু সেই দামে গ্যাস পাওয়ার নিশ্চয়তা নেই। অক্টোবরের জন্য ১২ কেজির সিলিন্ডারের সর্বোচ্চ খুচরা মূল্য ১ হাজার ৮৩৭ টাকা নির্ধারিত হলেও বাজারে তা বিক্রি হচ্ছে ২ হাজার ৩০০ থেকে ২ হাজার ৫০০ টাকায়। দাম বাড়িয়ে সমন্বয়ের পরও সরবরাহসংকট কাটেনি। ভোক্তাকে একই সঙ্গে বাড়তি মূল্য ও অনিশ্চয়তার বোঝা বইতে হচ্ছে। তাহলে মূল্য নির্ধারণের সুফল সাধারণ মানুষ কি আদৌ পাচ্ছেন?
দেশে প্রায় এক কোটি গ্রাহক এলপিজি ব্যবহার করেন। এর ৮০ শতাংশ ব্যবহৃত হয় গৃহস্থালি রান্নায়। আবাসিকে নতুন গ্যাসসংযোগ বন্ধ হওয়ার পর বহু পরিবার এই জ্বালানির ওপর নির্ভরশীল হয়ে পড়েছে। ফলে এলপিজির সংকট কোনো সীমিত ব্যবসায়িক সমস্যা নয়; মানুষের দৈনন্দিন জীবন ও সংসারের ব্যয়ের সঙ্গে সরাসরি সম্পর্কিত। নির্ধারিত দামের চেয়ে একটি সিলিন্ডারে ৬০০ টাকার বেশি দিতে হলে সীমিত আয়ের পরিবারের অন্য প্রয়োজনীয় ব্যয় কাটছাঁট করতে হয়। এই পরিস্থিতিতে প্রথমেই আমদানি ও সরবরাহের হিসাবের অসংগতি পরিষ্কার করা প্রয়োজন। আমদানিকারকদের সংগঠন বলছে, আগস্ট ও সেপ্টেম্বরে আমদানি স্বাভাবিক ছিল। অথচ পরিবেশকেরা বলছেন, মাত্র ছয়টি কোম্পানি নিয়মিত সরবরাহ করছে; তাদের কাছেও চাহিদামতো গ্যাস পাওয়া যাচ্ছে না।

শাহরাস্তিতে ইয়াবাসহ আটক

পৌরসভার নিজমেহের এলাকার সাহেব টু টামটা সড়কের মাসুদ মিয়ার মুদি দোকানের সামনে থেকে নিজমেহের সর্দার বাড়ির বাসিন্দা মো. জহিরকে (২৪) গ্রেফতার করা হয়। তিনি মৃত আব্দুল হাই ও ছায়েরা বেগমের ছেলে। তার কাছ থেকে দুই পিস ইয়াবা উদ্ধার করা হয়। অভিযানে এসআই মো. খায়রুল আলম ও এএসআই বিশ্বজিৎ নাথ অংশ নেন।
অন্যদিকে, একই দিন শাহরাস্তি পৌরসভার দোয়াভাঙ্গা থেকে কালীবাড়ী সড়কের ইউনিক টাওয়ারের সামনে থেকে মো. মাসুদুর রহমানকে (৩৯) গ্রেফতার করে পুলিশের আরেকটি দল। তিনি নিজমেহার ছাত্রা বাড়ির মৃত কোরবান আলী ও মুমিনা খাতুনের ছেলে এবং পৌরসভার ৭ নম্বর ওয়ার্ডের বাসিন্দা। তার কাছ থেকে চার পিস ইয়াবা উদ্ধার করা হয়। এ অভিযানে এসআই আইয়ুব খান ও এএসআই বিশ্বজিৎ নাথ অংশ নেন।
পুলিশ জানায়, গ্রেফতারকৃতদের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর ৩৬(১) সারণির ১০(ক) ধারায় পৃথক মামলা করা হয়েছে। জহিরের বিরুদ্ধে শাহরাস্তি মডেল থানায় এফআইআর নং-১০ ও জিআর নং-৩২৬ এবং মাসুদুর রহমানের বিরুদ্ধে এফআইআর নং-১১ ও জিআর নং-৩২৭ মামলা রুজু করা হয়েছে। গ্রেফতারকৃতদের যথাযথ পুলিশ প্রহরায় আদালতে সোপর্দ করার প্রক্রিয়া চলছে। শাহরাস্তি মডেল থানা পুলিশ জানিয়েছে, মাদকবিরোধী অভিযান অব্যাহত থাকবে।

আইন নিজের হাতে

আছে। আমরা মাদকের বিরুদ্ধে বড় টাস্কফোর্স অভিযান পরিচালনা করব। মাদকের বিরুদ্ধে আমাদের অবস্থান অত্যন্ত কঠোর। মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে নিয়মিত অভিযান পরিচালনার পাশাপাশি মাদকসেবীদের পুনর্বাসন ও প্রশিক্ষণের বিষয়টিও গুরুত্বের সঙ্গে দেখতে হবে। দুর্গাপূজার মণ্ডপগুলোর সার্বিক নিরাপত্তায় প্রশাসন কোনো ছাড় দেবে না। যেকোনো বিশৃঙ্খলা, উসকানি, মাদক, ইভটিজিং, নারী ও শিশু হয়রানি এবং দুষ্কৃতকারীদের অপতৎপরতার বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেওয়া হবে।
চাঁদপুরের অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট উজালা রানী চাকমার সঞ্চালনায় সভায় বক্তব্য দেন চাঁদপুরের পুলিশ সুপার মো. মিজানুর রহমান, চাঁদপুর জেলা পরিষদের প্রশাসক অ্যাডভোকেট সলিম উল্লা সেলিম।
এ সময় সভায় অংশগ্রহণ করেন ও বক্তব্য দেন চাঁদপুর নৌ-পুলিশ সুপারের প্রতিনিধি অতিরিক্ত পুলিশ সুপার মো. জহুরুল ইসলাম হাওলাদার, চাঁদপুরের সিভিল সার্জন ডা. মোহাম্মদ নুর আলম দীন, ২৫০ শয্যাবিশিষ্ট চাঁদপুর সদর হাসপাতালের তত্ত্বাবধায়ক ডা. এ কে এম মাহবুবুর রহমান, জেলা মৎস্য কর্মকর্তা মোহাম্মদ ফখরুল ইসলাম, চাঁদপুর প্রেস ক্লাবের সভাপতি সোহেল রুশদী চাঁদপুর সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম এন জামিউল হিকমা, শাহরাস্তি উপজেলা নির্বাহী কর্মকর্তা মনিরা খাতুন, কচুয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা অমিত রায়, হাজীগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. ইবনে আল জায়েদ হোসেন, মতলব দক্ষিণ উপজেলা নির্বাহী কর্মকর্তা কে এম ইশমাম, হাইমচর উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. নজরুল ইসলাম, চাঁদপুর আনসার ও ভিডিপির জেলা কমান্ড্যান্ট মো. ফজলে রাব্বি পিভিএম, চাঁদপুর পৌরসভার প্রশাসকের প্রতিনিধি পৌর নির্বাহী কর্মকর্তা মুহাম্মদ নূর আজম বিন আখতার (শরীফ), জেলা জজকোর্টের পাবলিক প্রসিকিউটর (পিপি) অ্যাডভোকেট কোহিনুর বেগম, জেল সুপার মো. জয়নাল আবেদীন ভূঁইয়া, চাঁদপুর জেলা শিক্ষা কর্মকর্তা মোহাম্মদ রুহুল্লাহ, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সহকারী পরিচালক মু. মিজানুর রহমান, কোস্টগার্ডের স্টেশন কমান্ডার আব্দুস সামাদ, হেফাজতে ইসলাম চাঁদপুর শাখার সভাপতি মো. লিয়াকত হোসাইন, চাঁদপুর জেলা বিএনপির সহসভাপতি মো. খলিলুর রহমান গাজী, চাঁদপুর জেলা মহিলা দলের সভানেত্রী অ্যাডভোকেট মুনিরা চৌধুরী, চাঁদপুর পৌর বিএনপির সভাপতি আখতার হোসেন মিজি, চাঁদপুর সরকারি কলেজের উপাধ্যক্ষ অধ্যাপক মো. হাবিবুর রহমান, চাঁদপুর সরকারি মহিলা কলেজের উপাধ্যক্ষ অধ্যাপক ড. মো. ইকবালুর রহমান, এনএসআইয়ের উপপরিচালক ইফতেখায়রুল আলম, চাঁদপুর কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক মো. আবু তাহের, চাঁদপুর জেলা ডিজিএফআইয়ের প্রতিনিধি, চাঁদপুর বিআরটিএ সার্কেলের সহকারী পরিচালক (ইঞ্জিনিয়ারিং) আবদুল্লাহ আল মামুন, চাঁদপুর মহিলা বিষয়ক অধিদপ্তরের উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) নাছিমা আক্তার, চাঁদপুর জেলা দুর্নীতি প্রতিরোধ

আকাবা কম্পিউটার একাডেমী
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র
প্রতিষ্ঠাকালঃ ২০০৭
প্রতিষ্ঠান কোডঃ ৬৬০৪৮
ইআইআইএনঃ ১৩৫৬৪১
২৫% ছাড় ভর্তি চলছে!
কম্পিউটার অফিস এপ্লিকেশন ৩/৬ মাস মেয়াদী
কম্পিউটার গ্রাফিক্স ডিজাইন ৩/৬ মাস মেয়াদী
কম্পিউটার হার্ডওয়্যার এন্ড নেটওয়ার্কিং ৩/৬ মাস মেয়াদী
ওয়েব পেজ ডিজাইনিং ৩/৬ মাস মেয়াদী
ফ্রি-ল্যান্সিং
এইচ.এস.সি সিলেবাস অনুযায়ী আইসিটি পড়াই।
অধ্যাপক মিজানুর রহমান ফাহিম
বিপণিবাগ পৌর সুপার মার্কেট
কুমিল্লা রোড, চাঁদপুর,
01712-856510, https://chandpurict.blogspot.com

চলতি মাসের উমরাহ বুকিং চলছে
প্রতি মাসেই উমরাহ বুকিং হবে ইনশা আল্লাহ
মাওলানা আবু জাফর সিদ্দিকী
প্যাকেজের অন্তর্ভুক্ত
খাবার
ভিসা হোটেল
টিকেট ট্রান্সপোর্ট
যিয়ারাহ ইন্সুরেন্স
সফর হউক আনন্দময়, ইবাদাত হউক তাকওয়াময়
হজ্জ ও উমরাহ করার জন্য আগ্রহীগন যোগাযোগ করুন।
Standard প্যাকেজ ডাইরেক্ট ফ্লাইট ১,৭৫,০০০
Economy প্যাকেজ ডাইরেক্ট ফ্লাইট ১,৬০,০০০
Economy প্যাকেজ ট্রানজিট ফ্লাইট ১,৪৫,০০০
বিগত ২৬ বছরের অভিজ্ঞতা সম্পন্ন মুয়াল্লিম দ্বারা সহীহ শুদ্ধভাবে হজ্জ ও উমরাহ পালনের বিশ্বস্ত প্রতিষ্ঠান
চেয়ারম্যান হজ্জ কাফেলা হাজীগঞ্জ, চাঁদপুর।
পরিচালনায়: মাওলানা আবু জাফর সিদ্দিকী
হাজীগঞ্জ টাওয়ার তৃতীয় তলা-দক্ষিণ পূর্ব কর্ণারে, হাজীগঞ্জ, চাঁদপুর।
01613-119652
01871-634121
01629-804375

কমিটির সভাপতি ড. কাজী হাসেম, চাঁদপুর পরিবেশ অধিদপ্তরের উপপরিচালক মো. মিজানুর রহমান, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের স্টেশন অফিসার মন্টু বিশ্বাস, চাঁদপুর বাস মালিক সমিতির সভাপতি মো. ফেরদৌস আলম বাবু, জেলা নির্বাচন কর্মকর্তা জিয়াউর রহমান খলিফাসহ সংশ্লিষ্ট কর্মকর্তা ও কমিটির সদস্যরা।
সভায় চাঁদপুরের বিদায়ী জেলা মৎস্য কর্মকর্তা মোহাম্মদ ফখরুল ইসলামকে বিদায়ী সংবর্ধনা দেওয়া হয়।

তুরস্ক সফর শেষে দেশে ফিরেছেন

ইন্টারন্যাশনাল কনফারেন্স অন বাংলাদেশ স্টাডিজ'-এ প্রধান অতিথি হিসেবে যোগদানের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেছিলেন ডা. শফিকুর রহমান।
তুরস্কে অবস্থানকালে গত ৮ অক্টোবর তিনি দেশটির পার্লামেন্টের স্পিকার প্রফেসর ড. নুমান কুরতুলমুশের সঙ্গে বৈঠক করেন। এ সময় স্পিকারের সঙ্গে তুরস্ক পার্লামেন্টের বাংলাদেশ ফ্রেন্ডশিপ গ্রুপের চেয়ারম্যান আকিফ ইলমাজ এমপিসহ ঊর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন।
পরদিন ৯ অক্টোবর ইস্তাম্বুল বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত ওই আন্তর্জাতিক সম্মেলনে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন বিরোধীদলীয় নেতা। সম্মেলনে বাংলাদেশ, তুরস্কসহ বিভিন্ন দেশের বিশিষ্ট শিক্ষাবিদ, নীতিনির্ধারক, কূটনীতিক, গবেষক এবং আন্তর্জাতিক সংস্থাসমূহের প্রতিনিধিরা অংশ নেন। এতে বাংলাদেশের চলমান সংস্কার প্রক্রিয়া, ভবিষ্যৎ রাষ্ট্রগঠন এবং দুই দেশের মধ্যকার দ্বিপক্ষীয় সহযোগিতার সম্ভাবনাসহ বিভিন্ন বিষয়ে আলোচনা করা হয়।
সম্মেলনে ডা. শফিকুর রহমান বলেন, 'আন্তর্জাতিক পরিসরে বাংলাদেশবিষয়ক গবেষণা, নীতিনির্ধারণী সংলাপ এবং পারস্পরিক অভিজ্ঞতা বিনিময়ের ক্ষেত্রে এ ধরনের সম্মেলন গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বাংলাদেশ-তুরস্ক সম্পর্ক কোনো সাম্প্রতিক বিষয় নয়; তুরস্কের জনগণের সঙ্গে আমাদের শত বছরের ঐতিহ্যগত সম্পর্ক রয়েছে এবং এই সম্পর্ক আগামীতে আরও এগিয়ে যাবে, ইনশাআল্লাহ।'
সম্মেলনে অংশগ্রহণ শেষে ডা. শফিকুর রহমান সৌদি আরবে পবিত্র ওমরাহ পালন করেন এবং সেখান থেকে রোববার সকালে দেশে প্রত্যাবর্তন করেন।

শাহরাস্তিতে অসাধু চক্রের

স্থানীয় কৃষকরা ক্ষোভ প্রকাশ করে জানান, জমির টপসয়েল কেটে নেওয়ার ফলে ফসলের উৎপাদন আশঙ্কাজনকভাবে কমে গেছে এবং মাটি তার প্রাকৃতিক উর্বরতা হারিয়ে ফেলছে। এছাড়া শুষ্ক মৌসুমে ইরি-বোরো ধানের সেচ কার্যক্রমেও বড় ধরনের জটিলতা তৈরি হচ্ছে।
অনুসন্ধানে জানা গেছে, চাঁদপুর জেলার মধ্যে শাহরাস্তি উপজেলায় চাহিদার তুলনায় ইটভাটার সংখ্যা অনেক বেশি। এসব ইটভাটায় মাটি সরবরাহের প্রধান উৎস হয়ে উঠেছে পাশের কৃষিজমি। অধিক মুনাফার লোভে পড়ে অনেক জমির মালিক তাদের জমির ৩ থেকে ৪ ফুট গভীরের উর্বর টপসয়েল বিক্রি করে দিচ্ছেন। ইটভাটা হাড়াও বাসাবাড়ি তৈরি ও পুকুর ভরাটের কাজেও সমানতালে ব্যবহার করা হচ্ছে আবাদি জমির এই মাটি।
চিতোষী পূর্ব ইউনিয়নের দায়িত্বপ্রাপ্ত উপ-সহকারী কৃষি কর্মকর্তা গোলাম সরওয়ার বলেন, 'জমির টপসয়েল কেটে নেওয়ার কারণে তিন ফসলি জমি রূপান্তরিত হচ্ছে দুই ফসলি জমিতে, আর দুই ফসলি জমি নেমে আসছে এক ফসলি জমিতে। বহু এক ফসলি জমি একেবারেই অনাবাদী হয়ে পড়ছে।'
একই উদ্বেগের কথা জানান উপ-সহকারী কৃষি কর্মকর্তা প্রশান্ত কুমার দাস। তিনি বলেন, 'পাশাপাশি দুটি জমির একটির টপ সয়েল কাটা হলে পার্শ্ববর্তী অন্য জমির উৎপাদন ও সেচ ব্যবস্থাতেও তার ক্ষতিকর প্রভাব পড়ে। এতে উপজেলাজুড়ে আশঙ্কাজনক হারে আবাদি জমি কমে যাচ্ছে'।
উপজেলা কৃষি কর্মকর্তা কৃষিবিদ সাজ্জাদুর রহমান জানান, শাহরাস্তিতে বর্তমানে আবাদি জমির পরিমাণ ১১ হাজার ৮৫ হেক্টর। দেশকে নিরাপদ ও পুষ্টিকর খাদ্যে স্বয়ংসম্পূর্ণ রাখতে এবং আমদানি নির্ভরতা কমাতে কৃষিজমি রক্ষার কোনো বিকল্প নেই। কৃষকদের সচেতন করতে কৃষি বিভাগ থেকে নিয়মিত উদ্যোগ নেওয়া হচ্ছে।
কৃষিজমি রক্ষায় প্রশাসনিক কঠোরতার কথা জানিয়ে উপজেলা সহকারী কমিশনার (ভূমি) সামছুজ্জামান বলেন, 'কৃষিজমির টপসয়েল রক্ষার্থে গত এক মাসে ১৫টি বিশেষ অভিযান পরিচালনা করা হয়েছে। এসব অভিযানে ৫ লাখ টাকা জরিমানা আদায়ের পাশাপাশি বিপুল পরিমাণ ড্রেজার মেশিন ও পাইপলাইন ধ্বংস করা হয়েছে। অবৈধ মাটি কাটাবাজদের বিরুদ্ধে এই অভিযান অব্যাহত থাকবে।'
শাহরাস্তি উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মনিরা খাতুন বলেন, 'কৃষিজমির ক্ষতি করে মাটি কাটার খবর পাওয়ামাত্রই আমরা আইনগত ব্যবস্থা ও ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করছি। এর পাশাপাশি বিভিন্ন সভা-সেমিনারের মাধ্যমে মাটি কাটার কুফল সম্পর্কে জনগণকে সচেতন ও নিরুৎসাহিত করার কাজ চলছে।'

মতলব উত্তরে ১০ জেলে

অপ্রাপ্তবয়স্ক দুজনকে মুচলেকা নিয়ে ছেড়ে দেওয়া হয়েছে।
রবিবার (১১ অক্টোবর) ভোররাতে পরিচালিত এ অভিযানে নেতৃত্ব দেন উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মাহমুদা কুলসুম মনি। অভিযানে দুটি নৌকা, প্রায় ৩ হাজার মিটার নিষিদ্ধ কারেন্ট জাল ও ৪০ কেজি মা ইলিশ জব্দ করা হয়। পরে জব্দ করা মাছ দুটি এতিমখানা ও দুস্থদের মধ্যে বিতরণ এবং কারেন্ট জাল জনসম্মুখে পুড়িয়ে ধ্বংস করা হয়।
মোহনপুর নৌ পুলিশ ফাঁড়ির ইনচার্জ মো. রুহুল আমিন বলেন, মৎস্য অধিদপ্তর ও নৌ পুলিশের যৌথ অভিযানে অবৈধ কারেন্ট জাল ও ইলিশ জব্দ করা হয়েছে। জব্দ করা মাছ এতিমখানায় বিতরণ এবং জাল পুড়িয়ে বিনষ্ট করা হয়েছে। মা ইলিশ রক্ষায় তাদের অভিযান অব্যাহত থাকবে।
উপজেলা সিনিয়র মৎস্য কর্মকর্তা স্বপন চন্দ্র দে বলেন, নিষেধাজ্ঞার সময়ে জেলেদের ঋণের কিস্তি আদায়ে কোনো ধরনের চাপ প্রয়োগ না করতে উপজেলা প্রশাসনের পক্ষ থেকে এনজিওগুলোকে চিঠি দেওয়া হয়েছে। এ বছর মতলব উত্তরে প্রায় ৯০৪ জন জেলেকে ২৫ কেজি করে ভিজিএফের চাল দেওয়া হয়েছে। প্রকৃত জেলেদের তালিকায় অন্তর্ভুক্ত করতে প্রয়োজনীয় উদ্যোগ নেওয়া হবে বলেও জানান তিনি।
উপজেলা নির্বাহী কর্মকর্তা ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মাহমুদা কুলসুম মনি বলেন, মা ইলিশ রক্ষায় ২২ দিনের নিষেধাজ্ঞা বাস্তবায়নে ধারাবাহিক অভিযান চলছে। অভিযানে আটক ১০ জনের মধ্যে অপ্রাপ্তবয়স্ক দুজনকে ছেড়ে দেওয়া হয়েছে। বাকি আটজনের মধ্যে সাতজনকে ২০ দিন করে বিনাশ্রম কারাদণ্ড এবং একজনকে ২ হাজার টাকা অর্থদণ্ড দেওয়া হয়েছে। জনস্বার্থে নিষেধাজ্ঞার পুরো সময় অভিযান অব্যাহত থাকবে।

চাঁদপুরে নৌবাহিনীর অভিযানে

বলা হয়, ইলিশের নিরাপদ প্রজনন ও বংশবিস্তার নিশ্চিত করতে সরকারের নির্দেশনা অনুযায়ী 'ইন এইড টু সিভিল পাওয়ার'-এর আওতায় সমুদ্র, উপকূলীয় অঞ্চল ও অভ্যন্তরীণ নদ-নদীতে অভিযান পরিচালনা করছে বাংলাদেশ নৌবাহিনী।
এরই ধারাবাহিকতায় রোববার চট্টগ্রাম নৌ অঞ্চলের অধীন নৌবাহিনী কন্টিনজেন্ট চাঁদপুর জেলার আনন্দবাজার, দাশাদি খাল, শহর মালি, লালপুর, ৩ নম্বর কয়লাঘাট, চাঁদপুর মোহনা, গাজীর টেক, মিয়ার বাজার, কানুদি, আমিরাবাদ ও তৎসংলগ্ন এলাকায় অভিযান পরিচালনা করে। এ সময় বিপুল পরিমাণ অবৈধ জাল জব্দ করা হয়। পরে স্থানীয় প্রশাসন ও মৎস্য কর্মকর্তাদের উপস্থিতিতে বিধি অনুযায়ী জব্দকৃত জাল ধ্বংস করা হয়।
নৌবাহিনীর দায়িত্বপ্রাপ্ত এলাকাগুলোতে ইলিশের প্রজননক্ষেত্র সুরক্ষায় জাহাজ, কন্টিনজেন্ট ও বোটের মাধ্যমে নিয়মিত অভিযান পরিচালনা করা হচ্ছে। অবৈধ মৎস্য আহরণ প্রতিরোধ এবং দেশের সামুদ্রিক ও অভ্যন্তরীণ জলসম্পদ সংরক্ষণেও কাজ করছেন নৌবাহিনীর সদস্যরা।
ইলিশের নির্বিঘ্ন প্রজনন ও বংশবিস্তার নিশ্চিত করতে সরকারি নিষেধাজ্ঞা বাস্তবায়নে নৌবাহিনীর এ অভিযান অব্যাহত থাকবে। সংশ্লিষ্ট সবার সম্মিলিত প্রচেষ্টায় জাতীয় সম্পদ ইলিশের উৎপাদন বৃদ্ধি এবং দেশের মৎস্যসম্পদ সংরক্ষণ সম্ভব হবে বলে আশা প্রকাশ করেছে নৌবাহিনী।
উল্লেখ্য, গত ৮ অক্টোবর থেকে শুরু হওয়া মা ইলিশ সংরক্ষণ অভিযান আগামী ২৯ অক্টোবর পর্যন্ত চলবে। এ সময় ইলিশ আহরণ, পরিবহন, মজুদ, ক্রয়-বিক্রয় ও বিনিময় সম্পূর্ণ নিষিদ্ধ। পাশাপাশি নির্ধারিত সামুদ্রিক মৎস্য আহরণ এলাকাতেও সব প্রজাতির মাছ আহরণ নিষিদ্ধ রয়েছে।

হাজীগঞ্জে সাজাপ্রাপ্ত আসামিসহ

করে। গ্রেপ্তার ব্যক্তিরা হলেন হাজীগঞ্জ পৌরসভার আলীগঞ্জ পশ্চিমপাড়ার মৃত মফিজ মিয়ার ছেলে মো. ইয়াছিন, মকিমাবাদ এলাকার মো. সিদ্দিকুর রহমানের ছেলে সাদ্দাম হোসেন (২৫) এবং সুবিদপুর এলাকার আব্দুর রহিমের মেয়ে সুমি আক্তার।

মিষ্টি, দধি সহ যাবতীয় মিষ্টান্ন দ্রব্যের
অপ্রতিদ্বন্দ্বি অভিজাত মিষ্টি বিপণী
ওয়ান মিনিট
চপ, কাকলেট, মোগলাই, বিরিয়ানী,
চাইনিজ সহ বিভিন্ন রুচিশীল খাবারের জন্য
হেভেন
প্রেসক্লাব সড়ক, চাঁদপুর, ফোন- ০৮৪১৬৩২১০

অনুবাদ! অনুবাদ!! অনুবাদ!!!
রিলাইয়েন্স অনুবাদ কেন্দ্র
সরকারি রেজিঃ নং- ০২০৪০৫০৮
(সরকার অনুমোদিত রির্ভরযোগ্য ভাষা অনুবাদ সংস্থা)
আরবী, বাংলা, ইংরেজী, ইতালী, জাপানী, মালয়েশিয়া ইত্যাদি ভাষার অনুবাদ। সার্টিফিকেট, কাবিন নামা, ম্যারেজ সার্টিফিকেট, এনওসি, ভিসা, পাসপোর্ট, দলিল ইত্যাদি অনুবাদ এবং নোটারী পাবলিক, ফরেন মিনিষ্ট্রি এম্বাসী এটাস্টেশন সহ বিদেশে পরিবার নেওয়ার যাবতীয় কাজ ও প্রবাসে শ্রমজীবীদের যাবতীয় কেইচ/মামলা, ডেড কেইচ ইত্যাদির কাগজ পত্রাদির অনুবাদ ও যাবতীয় সত্যায়িতের কাজে পরামর্শ ও সহযোগিতা করে থাকি।
ঢাকা অফিস ঃ ১৭/২, তোপখানা রোড, ঢাকা-১০০০, বাংলাদেশ।
বাসা ও অফিস ঃ আনসারী মঞ্জিল, বিলুপ্ত চিত্রলেখার মোড়, কুমিল্লা রোড, চাঁদপুর।
মোবাইল ঃ ০১৯৫০-৩৪১৯৪৮, ০১৭১৬-২০১৫৩১

পুলিশের প্রেস রিলিজে বলা হয়, ইয়াছিন জিআর মামলায় দুই বছরের সশ্রম কারাদণ্ডপ্রাপ্ত আসামি। অন্যদিকে সাদ্দাম হোসেন সিআর-৫৮৪/২৫ নম্বর মামলার এবং সুমি আক্তার সিআর-৪৪২/২৬ নম্বর মামলার পরোয়ানাভুক্ত আসামি।
অভিযানে হাজীগঞ্জ থানার এএসআই রাজিব চন্দ্র ধর ও এএসআই হাবিবুর রহমান সঙ্গীয় ফোর্সসহ ইয়াছিনকে গ্রেপ্তার করেন। সাদ্দাম হোসেনকে এসআই মো. জহির উদ্দিন ও এএসআই মো. কাওসার হোসেন এবং সুমি আক্তারকে এএসআই মো. সালাহউদ্দিনের নেতৃত্বে গ্রেপ্তার করা হয়।
পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছে, গ্রেপ্তার তিনজনের বিরুদ্ধে সংশ্লিষ্ট মামলায় আইনগত ব্যবস্থা নেওয়া হচ্ছে।

বাকিলায় সম্পত্তিগত বিরোধে

নিয়ে ওই ইউনিয়নের আব্দুর রব কাজী ও রুহুল আমিনের সাথে সম্পত্তিগত বিরোধের জেরে হাইকোর্টে মামলা চলমান রয়েছে। এর মধ্যে আব্দুর রব কাজীর আবেদনের প্রেক্ষিতে আদালত বিরোধকৃত সম্পত্তিতে রিসিভার নিয়োগ দেন।
আদালতের আদেশ অনুযায়ী রোববার (১১ অক্টোবর) দুপুরে হাজীগঞ্জ থানার অফিসার ইনচার্জ কাওসার আলম ভুইয়া ঘটনাস্থলে উপস্থিত হয়ে উভয় পক্ষকে শান্তিশৃঙ্খলা রক্ষা এবং পরবর্তী আদেশ না আসা পর্যন্ত বিরোধকৃত সম্পত্তিতে দোকানঘর বন্ধ রাখার নির্দেশনা দেন। বিষয়টি নিশ্চিত করেছেন, বাদী আব্দুর রব কাজীর ছেলে হারুন কাজী।
এদিকে বিরোধকৃত সম্পত্তিতে দোকানঘর ও দেশের শীর্ষস্থানীয় অন্যতম আর্থিক প্রতিষ্ঠান ব্র্যাক এর শাখা কার্যালয় রয়েছে। রিসিভার নিয়োগের ফলে ওইসব দোকানঘর ও আর্থিক প্রতিষ্ঠান বন্ধ থাকায় বিপাকে ও ভোগান্তিতে পড়েছেন, প্রতিষ্ঠানের গ্রাহকেরা ও দোকানের ক্রেতা সাধারণ। বিষয়টি দ্রুত সমাধানের অনুরোধ জানান সংশ্লিষ্টরা।

চাঁদপুরে মাদকসহ গ্রেপ্তার

গ্রেপ্তার করা হয়। ফরিদগঞ্জ থানায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে একটি মামলা করা হয়েছে। মামলার এজাহারনামীয় এক আসামিকে গ্রেপ্তারের পাশাপাশি ১০০ গ্রাম গাঁজা উদ্ধার করা হয়।
মতলব দক্ষিণ থানা পুলিশ ২৩ গ্রাম গাঁজাসহ দুজন, মতলব উত্তর থানা পুলিশ ২৪ ইয়াবা ও ২০ গ্রাম গাঁজাসহ দুজনকে গ্রেপ্তার করে।
এ ছাড়া হাজীগঞ্জে পাঁচটি ইয়াবাসহ দুজন, শাহরাস্তিতে ছয়টি ইয়াবাসহ দুজন এবং কচুয়ায় পাঁচটি ইয়াবা ও ১৫০ গ্রাম গাঁজাসহ দুজনকে গ্রেপ্তার করা হয়েছে। গ্রেপ্তার ব্যক্তিদের বিরুদ্ধে যথাযথ আইনগত ব্যবস্থা নেওয়া হয়েছে।
অপরদিকে, কিশোর গ্যাংবিরোধী অভিযানে হাইমচরে একজন, ফরিদগঞ্জে ১৪ জন, মতলব উত্তরে ৮ জন, হাজীগঞ্জে ১৪ জন, শাহরাস্তিতে ১৭ জন এবং কচুয়ায় ১৬ জনকে আটক করা হয়। যাচাই-বাছাই শেষে আটক কিশোরদের নিজ নিজ অভিভাবকের জিম্মায় দেওয়া হয়েছে বলে জানিয়েছে পুলিশ।
চাঁদপুরের পুলিশ সুপার (এসপি) মো. মিজানুর রহমান বলেন, মাদক ও কিশোর অপরাধ নির্মূলে জেলা পুলিশ বদ্ধপরিকর।
মাদকমুক্ত ও নিরাপদ সমাজ গড়ে তুলতে সবার সহযোগিতা কামনা করে মাদক সংক্রান্ত কোনো তথ্য থাকলে কাছের থানায় অথবা জেলা পুলিশের হটলাইনে জানানোর অনুরোধও করেন তিনি।

সৌদির আন্তর্জাতিক বিমানবন্দরে

সপ্তাহে কিং খালিদ আন্তর্জাতিক বিমানবন্দরে এটি তৃতীয় হামলা। এ হামলার পর বিমানবন্দরের কার্যক্রম সাময়িকভাবে বন্ধ রাখা হয়েছে। সব ফ্লাইট অন্যত্র সরিয়ে নেওয়া হয়েছে। ইয়েমেনে হুতির বিরুদ্ধে লড়াইরত সৌদি নেতৃত্বাধীন জোট সবশেষ এই হামলার ঘটনাকে 'পূর্ণাঙ্গ যুদ্ধাপরাধ' বলে আখ্যা দিয়েছে। জোটটির মুখপাত্র মেজর জেনারেল তুর্কি আল-মালিকি বলেন, 'প্রচলিত আন্তর্জাতিক মানবিক আইন অনুযায়ী, এই সন্ত্রাসী হামলার জবাব দৃঢ়ভাবে দেওয়া হবে।' আল-মালিকি সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া পোস্টে আরেকটি ঘটনার কথাও নিশ্চিত করেছেন। তিনি বলেন, 'দাম্মামের কিং ফাহাদ আন্তর্জাতিক বিমানবন্দরের আশপাশে একটি ক্ষেপণাস্ত্র আঘাত হেনেছে।' সামাজিক যোগাযোগমাধ্যমে পোস্টের মাধ্যমে সৌদি আরবে হুতির হামলার, বিশেষ করে কিং খালিদ বিমানবন্দরে হামলার কঠোর নিন্দা জানিয়েছেন যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও। এর আগে, গত বৃহস্পতিবারও একই বিমানবন্দরে হামলার ঘটনায় অন্তত তিন সৌদি নাগরিক নিহত হন। তাদের মধ্যে একজন পাইলট ছিলেন। আগেই বিমান সংস্থাগুলোকে সৌদি আকাশসীমা ব্যবহার না করার হুঁশিয়ারি দিয়েছে হুতিরা। তাদের দাবি, পবিত্র মক্কা ও মদিনার ওপর দিয়ে চলাচল ছাড়া সৌদি আকাশসীমায় পরিচালিত যেকোনো বিমান হামলার লক্ষ্যবস্তু হবে। সবশেষ হামলার পর সৌদি আরবে থাকা নিজ নিজ নাগরিকদের জন্য সতর্কবার্তা জারি করেছে রিয়াদে অবস্থিত যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, আয়ারল্যান্ড ও কানাডাসহ বিভিন্ন দেশের দূতাবাস। যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য ও আয়ারল্যান্ডের দূতাবাস বিমানবন্দরে 'গুরুতর একটি ঘটনা' ঘটেছে বলে নাগরিকদের সতর্ক করেছে। কানাডার দূতাবাস রিয়াদে থাকা নাগরিকদের বিমানবন্দরে সব ধরনের যাতায়াত এড়িয়ে চলার পরামর্শ দিয়েছে এবং সেখানে 'চলমান সামরিক তৎপরতার' কথা উল্লেখ করেছে। কাতারের পররাষ্ট্র মন্ত্রণালয় শনিবারের হামলার তীব্র নিন্দা জানিয়ে বলেছে, তারা হুতিদের এই হামলাকে 'অঞ্চলের নিরাপত্তার জন্য সরাসরি হুমকি' হিসেবে বিবেচনা করছে। জর্ডান ও ওমানও রিয়াদের প্রতি সমবেদনা ও সংহতি জানিয়েছে। সৌদি আরবের বিমানবন্দর ও অন্যান্য বেসামরিক স্থাপনায় হুতির হামলার কঠোর নিন্দা জানিয়েছে জাপানের দূতাবাসও। 'নিরাপত্তা পরিস্থিতির' কারণে বিমানবন্দর বন্ধ থাকায় ফ্লাইট বাতিলের ঘোষণা দিয়েছে কুয়েত এয়ারওয়েজ।
হামলার খবর পাওয়ার পর হোয়াইট হাউসের বাইরে সাংবাদিকেরা মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে প্রশ্ন করেছেন, হুতিদের বিরুদ্ধে সৌদি হামলায় ওয়াশিংটন যোগ দেয়ার পরিকল্পনা করছে কি না।
জবাবে ট্রাম্প বলেছেন, 'আমরা যোগ দিতেও পারি। বিষয়টি আমরা বিবেচনা করব। সর্বশেষ হামলার খবর আমরা মাত্রই পেয়েছি, তাই সিদ্ধান্ত নেব। আমরা খুব দ্রুত পদক্ষেপ নিই।'

হামের উপসর্গে আরো

১ হাজার ১০২ শিশু নতুন করে হাসপাতালে ভর্তি হয়েছে, আর হাসপাতাল থেকে ছাড়া পেয়েছে ১ হাজার ১৫ শিশু।
স্বাস্থ্য অধিদফতরের তথ্য বলছে, ১৫ মার্চ থেকে আজ পর্যন্ত মোট সন্দেহজনক হাম রোগীর সংখ্যা ২ লাখ ৫ হাজার ২৮, আর নিশ্চিত হাম রোগীর সংখ্যা ২২ হাজার ৪২১। এর মধ্যে হাসপাতালে ভর্তি হয়েছে মোট ১ লাখ ৮২ হাজার ৪৭ রোগী, যাদের মধ্যে ১ লাখ ৭৪ হাজার ৪৬৯ জন ছাড়পত্র পেয়ে ইতোমধ্যে বাড়ি ফিরেছে।

হাজীগঞ্জে ইয়াবাসহ যুবক

ভূঁইয়া ও পুলিশ পরিদর্শক (তদন্ত) রাজীব শর্মার তত্ত্বাবধানে পরিচালিত অভিযানে রাশেদকে গ্রেপ্তার করা হয়। পরে তাঁর কাছ থেকে উদ্ধার করা ইয়াবা ট্যাবলেট জব্দতালিকার মাধ্যমে জব্দ করা হয়। এ ঘটনায় মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর ৩৬(১) ধারার ১০(ক) উপধারায় হাজীগঞ্জ থানায় মামলা করা হয়েছে বলে প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়।

দেশে এখনো সাংস্কৃতিক ফ্যাসিস্টরা

দক্ষিণের সাহিত্য ও সংস্কৃতি বিভাগের উদ্যোগে আয়োজিত কেরাত ও হামদ-নাত প্রতিযোগিতার বিজয়ী প্রতিযোগীদের মাঝে পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।
এ সময় বিশেষ অতিথি হিসেবে আরও উপস্থিত ছিলেন প্রফেসর ড. শামসুল আলম, প্রফেসর ড. মাহফুজুর রহমান আখন্দ, কবি ও সম্পাদক জাকির আবু জাফর, বিশিষ্ট সমাজসেবক অ্যাডভোকেট ড. হেলাল উদ্দিন এবং ড. মোবারক হোসাইন। এ ছাড়াও অনুষ্ঠানে বিভিন্ন সাহিত্য-সংস্কৃতি সংগঠনের নেতৃবৃন্দ ও শিল্পীরা উপস্থিত ছিলেন।

মতলবে মহানবী (সা.)

গিয়ে শেষ হয়। পরে সেখানে মুনাজাত অনুষ্ঠিত হয়। মাওলানা ইমরান হোসেনের পরিচালনায় কর্মসূচিতে বক্তব্য দেন ইসলামী ফাউন্ডেশনের মডেল কেয়ারটেকার মাওলানা আফজাল খান, মাওলানা আব্দুল ফরাজি, মাওলানা হারুন রশীদ, মাওলানা আবু সালেহ, মাওলানা কাউসার হোসেন, মাওলানা সিরাজুল ইসলাম ও মাওলানা তাজুল ইসলামসহ স্থানীয় আলেম-ওলামারা।
বক্তারা মহানবী হযরত মুহাম্মদ (সা.)-কে নিয়ে কটূক্তির অভিযোগের সুষ্ঠু তদন্ত এবং প্রচলিত আইন অনুযায়ী দোষীদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবি জানান। একই সঙ্গে ধর্মীয় অনুভূতিতে আঘাত হানে–এমন কর্মকাণ্ডের বিরুদ্ধে আইনসম্মত পদক্ষেপ নেওয়ার আহ্বান জানান তাঁরা। গত শুক্রবার (৯ অক্টোবর) মহানবী হযরত মুহাম্মদ (সা.)-কে নিয়ে সামাজিক যোগাযোগমাধ্যমে অবমাননাকর মন্তব্য করার অভিযোগে আবুল হাসেম নামের এক ব্যক্তিকে স্থানীয় জনতা আটক করে পুলিশের কাছে হস্তান্তর করে।

কচুয়া রহিমানগর বাজার

হলরুমে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়।
গঠিত এডহক কমিটির আহ্বায়ক করা হয়েছে গাজী হার্ডওয়্যারের প্রতিষ্ঠাতা আলহাজ্ব মিলন গাজীকে সদস্য সচিব করা হয়েছে বেসিক এইড অ্যান্ড হসপিটালের প্রতিষ্ঠাতা পরিচালক ডা. আব্দুল কাদেরকে। প্রথম যুগ্ম আহ্বায়ক করা হয়েছে মোল্লা অল ইলেকট্রিক অ্যান্ড ইলেকট্রনিক্সের প্রতিষ্ঠাতা পরিচালক মো. মিজান মোল্লাকে। কমিটির বাকি সদস্যদের নাম তাৎক্ষণিকভাবে জানা যায়নি। মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন কচুয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা অমিত রায়, সহকারী পুলিশ সুপার (কচুয়া সার্কেল) মো. আব্দুল হাই চৌধুরী, কচুয়া থানার অফিসার ইনচার্জ মো. আজিজুল ইসলাম, কচুয়া উপজেলা বিএনপি'র সিনিয়র সহ -সভাপতি মো. আজিজ উল্লাহ মাস্টার, কচুয়া পৌরসভা বিএনপি'র সভাপতি মো. বিল্লাল হোসেন মজুমদার, চাঁদপুর জেলা বিএনপি'র সদস্য মনজুর আহমেদ সেলিমসহ বিভিন্ন পর্যায়ের নেতৃবৃন্দ ও রহিমানগর বাজারের বিপুলসংখ্যক ব্যবসায়ীবৃন্দ। সভা শেষে নবনির্বাচিত এডহক কমিটির আহ্বায়ক আলহাজ্ব মিলন গাজী, সদস্য সচিব ডা. আব্দুল কাদের ও প্রথম যুগ্ম আহ্বায়ক মো. মিজান মোল্লা বিএনপি'র কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য, কেন্দ্রীয় জাতীয়তাবাদী মহিলা দলের সহ-সভাপতি এবং শিক্ষামন্ত্রী ড. আ. ন. ম. এহছানুল হক মিলনের সহধর্মিণী নাজমুন নাহার বেবিকে ফুলেল শুভেচ্ছা জানান।

চাঁদপুরে সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্ত

রহমান। প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, "সড়ক দুর্ঘটনায় স্বজন হারানোর বেদনা কিংবা চিরতরে পঙ্গুত্ব বরণ করার ক্ষতি কোনো অর্থ দিয়েই পূরণ করা সম্ভব নয়। তবে সরকার ও বিআরটিএ ট্রাস্টি বোর্ডের এই উদ্যোগ ক্ষতিগ্রস্ত পরিবারগুলোকে কিছুটা হলেও ঘুরে দাঁড়াতে এবং মানসিক ও আর্থিক শক্তি যোগাতে সাহায্য করবে।"
অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চাঁদপুর জেলা পুলিশ সুপার মো. মিজানুর রহমান, চাঁদপুর জেলা পরিষদের চেয়ারম্যান এডভোকেট একেএম সলিম উল্যা সেলিম এবং অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট (এডিসি) উজালা রানী চাকমা। এছাড়াও উপস্থিত ছিলেন চাঁদপুর প্রেসক্লাবের সভাপতি সোহেল রুশদী, প্রেসক্লাবের বিভিন্ন পর্যায়ের সদস্যবৃন্দ, জেলা প্রশাসনের ঊর্ধ্বতন কর্মকর্তাগণ এবং বিআরটিএর প্রতিনিধিবৃন্দ। উল্লেখ্য, বাংলাদেশ সরকারের সড়ক পরিবহন আইন অনুযায়ী সড়ক দুর্ঘটনায় নিহত পরিবারকে পাঁচ লাখ টাকা এবং গুরুতর আহত বা পঙ্গুত্ব বরণকারীদের চিকিৎসার জন্য আর্থিক সহায়তা দেওয়া হয়ে থাকে। চেক গ্রহণকালে ক্ষতিগ্রস্ত পরিবারের সদস্যবৃন্দ সরকারের এই সহায়তা প্রদান কার্যক্রমকে সাধুবাদ জানান।

প্যাপিরাস পাঠাগারের প্রথম

মিজানুর রহমান স্বপনের সভাপতিত্বে, প্রতিষ্ঠাতা অ্যাডভোকেট রফিকুজ্জামান রণির সঞ্চালনায় সম্মানিত অতিথির বক্তব্য রাখেন- পাঠাগারের প্রধান উপদেষ্টা অ্যাডভোকেট মাহমুদ হাসান কবির, জাফরানী স্পোটিং ক্লাবের সাধারণ সম্পাদক এমদাদুল হক মিলন, নাট্যজন ও সাংবাদিক কেএম মাসুদ, চর্যাপদ সাহিত্য একাডেমির সভাপতি আয়েশা আক্তার রুপা, বিজয়ীর ফাউন্ডার তানিয়া ইশতিয়াক খান, সমাজসেবক ও সাংবাদিক আশিক খান।
শুভেচ্ছা বক্তব্য রাখেন- মেঘনা থিয়েটারের সভাপতি তবিবুর রহমান রিংকু, নাট্যজন ও সাংবাদিক মুহাম্মদ আলমগীর পাটওয়ারী, দৈনিক বাংলাদেশের আলোর প্রতিনিধি সাঈদ হোসেন অপু চৌধুরী, সাহিত্যানুরাগী সিত্তুল মুনা চৈতি, আহসান কনক, ঝর্না ও নাহিদা আফরোজ। বাঁশি বাজান বেলাল শেখ।
অনুষ্ঠানে কবি শিউলী মজুমদারকে প্রদান করা হয় 'প্যাপিরাস সাহিত্য পুরস্কার-২০২৬'।

শাহরাস্তিতে পুলিশের

থানার অফিসার ইনচার্জ (ওসি) মীর মাহবুবুর রহমান। র‍্যালিতে শাহরাস্তি মডেল থানায় কর্মরত পুলিশ সদস্যদের পাশাপাশি স্থানীয় জনপ্রতিনিধি, রাজনৈতিক ব্যক্তিবর্গ, বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ, শিক্ষার্থী ও গণ্যমান্য ব্যক্তিবর্গ অংশগ্রহণ করেন। আয়োজকদের তথ্যমতে, কর্মসূচিতে প্রায় ৩০০ থেকে ৪০০ জন অংশ নেন।
র‍্যালিটি মাদকবিরোধী সচেতনতামূলক বার্তা নিয়ে অনুষ্ঠিত হয়। পরে সূচীপাড়া উচ্চ বিদ্যালয়ে মাদকবিরোধী এক সভা অনুষ্ঠিত হয়। সভায় মাদকের ভয়াবহতা, ব্যক্তি ও পরিবারের ওপর এর ক্ষতিকর প্রভাব, মাদক প্রতিরোধে সামাজিক সচেতনতা বৃদ্ধি এবং মাদক ব্যবসার বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করা হয়। সভায় বক্তারা বলেন, মাদক শুধু একজন ব্যক্তির জীবনকেই ক্ষতিগ্রস্ত করে না, বরং একটি পরিবার ও সমাজের স্বাভাবিক পরিবেশকেও বিপর্যস্ত করে। বিশেষ করে তরুণ ও শিক্ষার্থীদের মাদকের ভয়াবহতা সম্পর্কে সচেতন করা অত্যন্ত জরুরি। এ ক্ষেত্রে পরিবার, শিক্ষাপ্রতিষ্ঠান, জনপ্রতিনিধি ও আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সম্মিলিতভাবে কাজ করতে হবে। বক্তারা আরও বলেন, মাদক নির্মূলে শুধু আইন প্রয়োগের মাধ্যমে কাঙ্ক্ষিত ফল অর্জন সম্ভব নয়; পাশাপাশি সামাজিক আন্দোলন, পারিবারিক সচেতনতা, নৈতিক শিক্ষা এবং তরুণদের ইতিবাচক কর্মকাণ্ডে সম্পৃক্ত করা প্রয়োজন। মাদক ব্যবসা ও মাদকসেবনের ক্ষতিকর দিক সম্পর্কে জনসাধারণকে সচেতন করতে এ ধরনের উদ্যোগ গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। কর্মসূচিতে মাদকের বিরুদ্ধে সামাজিক প্রতিরোধ গড়ে তোলা, শিক্ষার্থীদের মাদক থেকে দূরে রাখা এবং নিজ নিজ অবস্থান থেকে মাদকবিরোধী কার্যক্রমে সহযোগিতা করার আহ্বান জানানো হয়। শাহরাস্তি মডেল থানা পুলিশের এ উদ্যোগের মাধ্যমে স্থানীয় জনগণের মধ্যে মাদকবিরোধী সচেতনতা বৃদ্ধি এবং মাদকমুক্ত সমাজ গঠনে সম্মিলিত প্রচেষ্টা আরও জোরদার হবে বলে প্রত্যাশা সংশ্লিষ্টদের।

শহরের মিশন রোডে

অবৈধভাবে স্থাপনা নির্মাণ করেছেন। খালের জায়গায় এ ধরনের স্থাপনা নির্মাণের ফলে খালের স্বাভাবিক প্রবাহ ও পানি নিষ্কাশন ব্যবস্থা ব্যাহত হচ্ছে। সরকারি সম্পত্তি দখলের অভিযোগের বিষয়টি তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের দাবি জানিয়েছেন তারা। এ বিষয়ে আনোয়ার হোসেন মনা ও হাসিনা বেগমের বক্তব্য পাওয়া যায়নি।
চাঁদপুর রেলওয়ের স্টেশন মাস্টার মারুফ হোসেন বলেন, বিষয়টি আমার জানা ছিল না, এখন অবগত হয়েছি। তদন্ত সাপেক্ষে পরবর্তী ব্যবস্থা নেয়া হবে।

ব্যাপক আনন্দ-উৎসাহে কামতা

ভোটগ্রহণকে কেন্দ্র করে সকাল থেকেই কামতা বাজারের ব্যবসায়ীদের মধ্যে ব্যাপক উৎসাহ-উদ্দীপনা দেখা যায়। ভোটাররা নির্ধারিত সময়ের মধ্যে কেন্দ্রে এসে তাদের পছন্দের প্রার্থীকে ভোট প্রদান করেন।
নির্বাচনে সভাপতি পদে ফুটবল প্রতীকে মো. জামাল আহমেদ মুন্সী ১২৮ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। সহ-সভাপতি পদে কলস প্রতীকে মো. সামাদ মজুমদার ১২৩ ভোট পেয়ে নির্বাচিত হন। সাধারণ সম্পাদক (সেক্রেটারি) পদে সাইকেল প্রতীকে মো. শরিফুল ইসলাম ১৪২ ভোট পেয়ে বিজয় লাভ করেন। এছাড়া সহ-সেক্রেটারি পদে চেয়ার প্রতীকে মো. মেহেদী হাসান ১০৯ ভোট পেয়ে নির্বাচিত হয়েছেন। কোষাধ্যক্ষ পদে বই প্রতীকে মো. নজরুল ইসলাম ১৩৭ ভোট পেয়ে বিজয়ী হন। সদস্য পদে মো. মারুফ, মো. আব্দুল্লাহ, মাহবুব, লিটন ও রনি নির্বাচিত হয়েছেন। নির্বাচনকে ঘিরে সকাল থেকেই কামতা বাজারে উৎসবমুখর পরিবেশ বিরাজ করে। প্রার্থীদের সমর্থক ও ব্যবসায়ীরা কেন্দ্রে উপস্থিত হয়ে নির্বাচনের কার্যক্রম পর্যবেক্ষণ করেন। ভোটগ্রহণ শেষে ফলাফল ঘোষণার পর বিজয়ী প্রার্থী ও তাদের সমর্থকদের মধ্যে আনন্দ-উচ্ছ্বাস দেখা যায়।

দূর্গাপুজা উপলক্ষে

অফিসার মোঃ শাকিল খন্দকার, আলগী বাজার ব্যবসায়ী কমিটির সাধারণ সম্পাদক মোঃ খোরশেদ আলম কোতয়াল,হাইমচর প্রেসক্লাবের সভাপতি মোঃ মহসিন মিয়া পেদা, চাঁদপুর সময় পত্রিকার সম্পাদক সাংবাদিক মোঃ আলমগীর হোসেন আসিফ সহ উপজেলা বিভিন্ন দপ্তরের অফিসার বৃন্দ।

হাইমচরে জাল জব্দ,

টিম মেঘনা নদীর কাটাখালি, তেলীর মোড়, হাইমচর ঘাট, আমতলী, চরভৈরবী, মাঝেরচর, মাঝিরবাজার, লালমিয়ারটেক এবং চকিদারকান্দি এলাকায় ব্যাপক টহল দেয়। অভিযান চলাকালে অসাধু জেলেদের পেতে রাখা আনুমানিক ৫,০০০ মিটার অবৈধ কারেন্ট জাল জব্দ করা হয়। জালগুলো উদ্ধারের সময় তাতে আটকে থাকা ৮টি ছোট আকৃতির মা ইলিশ জীবিত অবস্থায় নদীতে অবমুক্ত করা হয়। পরবর্তীতে জব্দকৃত অবৈধ কারেন্ট জালগুলো মৎস্য আইন ও সরকারি বিধি মোতাবেক জনসম্মুখে আগুনে পুড়িয়ে বিনষ্ট করা হয়। অভিযান পরিচালনাকালে মোবাইল ফোনে সার্বিক পরিস্থিতি পর্যবেক্ষণ ও দিকনির্দেশনা প্রদান করেন জেলা মৎস্য কর্মকর্তা জনাব মোহাম্মদ ফখরুল ইসলাম। উক্ত যৌথ অভিযানে উপস্থিতি ও সক্রিয় ভূমিকা পালন করেন মৎস্য জরিপ কর্মকর্তা জনাব ফারহানা আক্তার রুমা, হাইমচর উপজেলা সহকারী মৎস্য কর্মকর্তা জনাব মোঃ মাহবুব রশীদ, কোস্টগার্ড হাইমচর কন্টিনজেন্ট কমান্ডার জনাব মোঃ শাহীন এবং কোস্টগার্ড ও মৎস্য দপ্তরের সঙ্গীয় ফোর্সের সদস্যরা। সিনিয়র উপজেলা মৎস্য দপ্তর জানায়, সরকারি নিষেধাজ্ঞা অমান্য করে মা ইলিশ শিকারের চেষ্টা করা হলে আগামী দিনগুলোতেও টাস্কফোর্সের এমন কঠোর ও জিরো টলারেন্স অভিযান অব্যাহত থাকবে।

ডেঙ্গুতে মৃত্যু ৩০০ ছাড়াল,

দেশে ডেঙ্গুতে মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৩০৩ জনে।
অধিদফতর আরো জানিয়েছে, নতুন করে মারা যাওয়াদের মধ্যে চট্টগ্রাম ও রাজশাহী বিভাগে একজন করে এবং খুলনা বিভাগের দু'জন। সবগুলো মৃত্যুই সিটি করপোরেশনের বাইরের এলাকায় হয়েছে।
চলতি বছরের ১ জানুয়ারি থেকে এখন পর্যন্ত সারাদেশে মোট ৯৯ হাজার ২৭৫ জন ডেঙ্গু রোগী হাসপাতালে ভর্তি হয়েছে। তাদের মধ্যে সুস্থ হয়ে ৯২ হাজার ৮০৩ জন হাসপাতাল থেকে ছাড়পত্র পেয়েছে।

কদমতলী উন্নয়ন ফোরামের

প্রাথমিক বিদ্যালয়ের সাবেক সভাপতি সাংবাদিক গোলাম হায়দার মোল্লা। তিনি এক বার্তায় বলেন, এ কমিটি এলাকার সার্বিক উন্নয়নসহ সাংগঠনিকভাবে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

বালিয়ায় যুবদল নেতার

ব্যাপারী বাড়ির মৃত বাচ্চু ব্যাপারীর স্ত্রী। স্বামীহারা এই বৃদ্ধার অসহায়ত্বের কথা বিবেচনা করে তাঁর বসবাসের জন্য ঘর নির্মাণ করে দেন যুবদল নেতা আরিফুল ইসলাম গাজী। অসহায় ও সুবিধাবঞ্চিত মানুষের পাশে দাঁড়ানোর এমন উদ্যোগ স্থানীয়ভাবে মানবিক সহায়তার একটি উজ্জল দৃষ্টান্ত। বিশেষ করে বয়সের ভারে নুইয়ে পড়া একজন বিধবা নারীর নিরাপদে বসবাসের ব্যবস্থা করে দেওয়ায় তাঁর জীবনযাপনে কিছুটা হলেও স্বস্তি ফিরবে।

শিক্ষার্থীদের অর্জনের পেছনে

গৌরবোজ্জ্বল অতীত, যেখানে রয়েছে বাবা-মায়ের দীর্ঘ ত্যাগের ইতিহাস। তাদের সেই অবদান ও সংগ্রামের কথা সবসময় স্মরণে রাখতে হবে। আইইউটির ঐতিহাসিক প্রেক্ষাপট তুলে ধরে তিনি বলেন, এই প্রতিষ্ঠানের প্রতি তার বিশেষ ব্যক্তিগত অনুভূমি রয়েছে। শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমান ফিলিস্তিনের মহান নেতা ইয়াসির আরাফাতকে সাথে নিয়ে ঐতিহ্যবাহী এই আইইউটির ভিত্তিপ্রস্তর স্থাপন করেছিলেন। মুসলিম উম্মাহর ঐক্য ও ভ্রাতৃত্বের প্রতীক এই প্রতিষ্ঠানের গ্র্যাজুয়েটরা দেশের সমৃদ্ধ ঐতিহ্য ও ব্র্যান্ডিং ধারণ করে বিশ্বমঞ্চে মেধার স্বাক্ষর রেখে চলেছেন। সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বহুবার এই ক্যাম্পাসে এসেছেন উল্লেখ করে তিনি বলেন, বর্তমান প্রধানমন্ত্রী তারেক রহমানের নেতৃত্বেও শিক্ষা ও প্রযুক্তির এই ধারা অব্যাহত থাকবে। প্রযুক্তির সঠিক ব্যবহারের ওপর জোর দিয়ে মাহদী আমিন বলেন, কৃত্রিম বুদ্ধিমত্তা বা রোবোটিক্স ডেটা বিশ্লেষণ করতে পারলেও প্রযুক্তিকে কীভাবে চালনা করা হবে তা মানুষের সুবুদ্ধি, সততা ও মূল্যবোধের ওপর নির্ভর করে। তাই কেবল ব্যক্তিগত ক্যারিয়ার গড়ার মধ্যে সীমাবদ্ধ না থেকে, অর্জিত জ্ঞানকে কাজে লাগিয়ে সমাজ, মানবজাতি এবং নারী ও তরুণদের ক্ষমতায়নে ভূমিকা রাখার আহ্বান জানান তিনি। সিলিকন ভ্যালির বাইরে আইইউটি'র গ্র্যাজুয়েটদের মধ্য থেকেই প্রযুক্তির পরবর্তী যুগান্তকারী বিপ্লব সূচিত হতে পারে বলে আশাবাদ ব্যক্ত করেন তিনি। অনুষ্ঠানে আন্তর্জাতিক শিক্ষার্থীদের উদ্দেশে তিনি বলেন, ভাষা ও সংস্কৃতির ভিন্নতা থাকলেও মুসলিম বিশ্বের চ্যালেঞ্জ ও মূল্যবোধ এক। তাই জ্ঞান ও উদ্ভাবনকে যৌথ স্বার্থে কাজে লাগিয়ে বিশ্বজুড়ে মানবতার কল্যাণে কাজ করার আহ্বান জানান মাহদী আমিন। সমাবর্তন অনুষ্ঠানে ৬৫৯ জন শিক্ষার্থীকে স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি প্রদান করা হয়।

মোদিকে ‘কাপুরুষ’ ও ‘জুলুমবাজ’ বললেন ককরোচ প্রধান

দিগন্ত ডেস্ক

আটকের প্রায় ২৪ ঘণ্টা পর মুক্তি পেয়েই ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদিকে কড়া ভাষায় আক্রমণ করেছেন ককরোচ জনতা পার্টির (সিজেপি) প্রতিষ্ঠাতা অভিজিৎ দীপকে। মোদিকে ভারতের জন্য বিব্রতকর ব্যক্তি হিসেবে উল্লেখ করে তিনি দাবি করেছেন, দেশটির ইতিহাসে এত বড় ‘কাপুরুষ’ ও ‘জুলুমবাজ’ আর দেখা যায়নি।

রোববার সকালে সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক পোস্টে মোদির বিরুদ্ধে এমন মন্তব্য করেন দীপকে। এর আগে শনিবার মুম্বাই থেকে দিল্লিগামী একটি উড়োজাহাজের ভেতর থেকে তাকে আটক করে দিল্লি পুলিশ। পরে আদালতের নির্দেশে মুক্তি পান তিনি।

এনডিটিভির প্রতিবেদন অনুযায়ী, শনিবার দিল্লির যন্তর মন্তরে দলের পূর্বঘোষিত বিক্ষোভ কর্মসূচিতে অংশ নিতে বেঙ্গালুরু থেকে মুম্বাই হয়ে দিল্লি যাচ্ছিলেন সিজেপির প্রতিষ্ঠাতা অভিজিৎ দীপকে এবং দলের আরো দুই নেতা সৌরভ দাস ও আশুতোষ রাঙ্কা। দিল্লিতে পৌঁছানোর পর এয়ার ইন্ডিয়ার একটি উড়োজাহাজের ভেতর থেকেই তাদের আটক করা হয়।

রোববার দিল্লি ক্যান্টনমেন্ট থানায় নির্বাহী ম্যাজিস্ট্রেটের সামনে হাজির করার পর তিনজনকেই শর্তসাপেক্ষে মুক্তি দেওয়া হয়।

তবে নেতাদের আটকের পরও আন্দোলন থেকে সরে আসতে রাজি নয় সিজেপি। ভারতের প্রধান নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের পদত্যাগের দাবিতে দলটি বিক্ষোভ অব্যাহত রাখার ঘোষণা দিয়েছে। রোববার স্থানীয় সময় বেলা ২টায় সংবাদ সম্মেলন করারও কথা রয়েছে দলটির।

দীপকে আটক হওয়ার পর দলের নেতৃত্বের দায়িত্ব নেওয়া অজিঙ্ক্য শিন্ডে জানিয়েছেন, আন্দোলন বন্ধ করার কোনো পরিকল্পনা তাদের নেই। আবারো যন্তর মন্তরে যাওয়ার চেষ্টা করবেন তারা। দাবি পূরণ না হওয়া পর্যন্ত সেখানে অবস্থান চালিয়ে যাওয়ার কথাও জানান তিনি।

প্রতিবেদন অনুযায়ী, যন্তর মন্তরে সিজেপির বিক্ষোভ কর্মসূচিকে কেন্দ্র করে দিল্লিতে ব্যাপক ধরপাকড় চালানো হয়। এ সময় প্রায় সাত হাজার মানুষকে আটক করা হয়েছে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

ইসলামাবাদে রেড অ্যালার্ট, ১৪৪ ধারা জারি

দিগন্ত ডেস্ক

পাকিস্তানের খাইবার পাখতুনখোয়া প্রদেশে জরুরি অবস্থা জারির পর এবার রাজধানী ইসলামাবাদে সর্বোচ্চ সতর্কতা বা রেড অ্যালার্ট জারি করেছে দেশটির কেন্দ্রীয় সরকার। একই সঙ্গে শহরজুড়ে ১৪৪ ধারা কার্যকর করা হয়েছে। নিরাপত্তা জোরদার করতে গুরুত্বপূর্ণ সড়ক, প্রবেশপথ ও স্থাপনাগুলোতে বিপুলসংখ্যক পুলিশ এবং আধাসামরিক বাহিনীর সদস্য মোতায়েন করা হয়েছে।

রোববার এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে পাকিস্তানের সংবাদমাধ্যম জিও নিউজ।

প্রতিবেদন অনুযায়ী, ইসলামাবাদে নিরাপত্তা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে পুলিশকে সর্বোচ্চ সতর্ক অবস্থায় থাকার নির্দেশ দিয়েছে কর্তৃপক্ষ। ১৪৪ ধারা অমান্যকারীদের গ্রেপ্তারের নির্দেশও দেওয়া হয়েছে।

রাজধানীর প্রধান সড়কগুলোর গুরুত্বপূর্ণ মোড় ও বিভিন্ন এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। পাশাপাশি সব পুলিশ সুপার (এসপি), ডেপুটি পুলিশ সুপার (ডিএসপি) এবং থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাদের (এসএইচও) মাঠপর্যায়ে সক্রিয় থেকে পরিস্থিতি পর্যবেক্ষণের নির্দেশ দেওয়া হয়েছে।

শহরের কোথাও ব্যানার প্রদর্শন কিংবা জনসমাগমের ঘটনা ঘটলে দ্রুত ব্যবস্থা নিতে পুলিশকে নির্দেশ দিয়েছে প্রশাসন। এ ছাড়া ইসলামাবাদের বিভিন্ন প্রবেশপথে নিরাপত্তা বাড়ানো হয়েছে।

নিরাপত্তাব্যবস্থার অংশ হিসেবে রাজধানীর গুরুত্বপূর্ণ এলাকা হিসেবে পরিচিত ‘রেড জোনে’ অনুমতি ছাড়া প্রবেশ সীমিত করা হয়েছে। গুরুত্বপূর্ণ স্থাপনাগুলোর নিরাপত্তায় পাকিস্তান রেঞ্জার্সের সদস্যদেরও মোতায়েন করা হয়েছে।

খাইবার পাখতুনখোয়া প্রদেশে জরুরি অবস্থা এবং গভর্নরের শাসন জারির পর ইসলামাবাদে এই কঠোর নিরাপত্তাব্যবস্থা নেওয়া হলো। তবে রাজধানীতে রেড অ্যালার্ট জারির সুনির্দিষ্ট কারণ সম্পর্কে প্রতিবেদনে বিস্তারিত জানানো হয়নি।

রিয়াদে বিমানবন্দর বন্ধ, ঢাকায় আটকা তিন হাজার যাত্রী

দিগন্ত ডেস্ক

সৌদি আরবের রিয়াদের কিং খালিদ আন্তর্জাতিক বিমানবন্দরের কার্যক্রম সাময়িকভাবে বন্ধ হয়ে যাওয়ায় ঢাকায় ভোগান্তিতে পড়েছেন প্রায় তিন হাজার যাত্রী। এ পরিস্থিতিতে চারটি এয়ারলাইন্সের আটটি ফ্লাইট বাতিল হওয়ায় যাত্রীদের ভ্রমণসূচি নিয়ে অনিশ্চয়তা দেখা দিয়েছে।

রোববার বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ (বেবিচক) এক সংবাদ বিজ্ঞপ্তিতে জানায়, ক্ষতিগ্রস্ত ফ্লাইটগুলোর মধ্যে বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের দুটি, ইউএস-বাংলা এয়ারলাইন্সের একটি, সৌদিয়া এয়ারলাইন্সের তিনটি এবং রিয়াদ এয়ারওয়েজের দুটি ফ্লাইট রয়েছে। সব মিলিয়ে এসব ফ্লাইটের ২ হাজার ৯৫১ জন যাত্রী পরিস্থিতির শিকার হয়েছেন।

বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের ঢাকা-রিয়াদ-ঢাকা রুটের বিজি৩৩৯ ও বিজি৩৪০ ফ্লাইটও এর মধ্যে রয়েছে। শনিবার (১০ অক্টোবর) অনিবার্য পরিচালনগত কারণ দেখিয়ে পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত ফ্লাইট দুটি স্থগিত রাখার ঘোষণা দেয় রাষ্ট্রীয় পতাকাবাহী সংস্থাটি। একই সঙ্গে যাত্রীদের বিমানবন্দরে না যাওয়ার অনুরোধ জানানো হয়।

রোববার বিমান বাংলাদেশ এয়ারলাইন্স জানায়, রিয়াদের কিং খালিদ আন্তর্জাতিক বিমানবন্দরের কার্যক্রম সাময়িকভাবে বন্ধ থাকায় ফ্লাইটের সময়সূচি নতুন করে নির্ধারণ করা হচ্ছে। পরিবর্তিত সূচি ও ফ্লাইটের সর্বশেষ অবস্থা জানতে যাত্রীদের পরবর্তী ঘোষণা পর্যন্ত অপেক্ষা করতে বলা হয়েছে।

এদিকে, বিমানবন্দর বন্ধের প্রভাব পড়েছে বাংলাদেশি এয়ারলাইন্সের পাশাপাশি সৌদি আরবের দুই সংস্থা সৌদিয়া ও রিয়াদ এয়ারওয়েজের ফ্লাইটেও। ফলে একাধিক এয়ারলাইন্সের যাত্রীদের যাত্রা নিয়ে অনিশ্চয়তা তৈরি হয়েছে। কখন ফ্লাইট চলাচল স্বাভাবিক হবে, তা এখনো সংশ্লিষ্ট সংস্থাগুলোর পরবর্তী ঘোষণার ওপর নির্ভর করছে।

এ অবস্থায় যাত্রীদের বিমানবন্দরে যাওয়ার আগে সংশ্লিষ্ট এয়ারলাইন্সের সঙ্গে যোগাযোগ করে ফ্লাইটের সর্বশেষ সময়সূচি ও যাত্রার অবস্থা নিশ্চিত হওয়ার পরামর্শ দেওয়া হয়েছে।

কক্সবাজারে কেন গিয়েছিল তাজমিন, রাজুর সঙ্গে কী সম্পর্ক?

দিগন্ত ডেস্ক

কুমিল্লার ফসলি জমি থেকে লাশ উদ্ধারের আগে পর্যটননগরী কক্সবাজারে এসেছিল ১৫ বছর বয়সী কিশোরী তাজমিন। শহরটিতে এক রাত অবস্থান করে বাড়ি ফেরার পথেই ধর্ষণ ও হত্যাকাণ্ডের শিকার হয় সে। কিন্তু কেন কক্সবাজার এসেছিল তাজমিন? সামাজিক যোগাযোগমাধ্যমে পরিচিত রিয়াজ উদ্দিন ওরফে রাজুর সঙ্গে তার সম্পর্ক কী ছিল? আর বাড়ি ফেরার পথে কীভাবে ঘটল এই নৃশংস ঘটনা? এসব প্রশ্ন এখন ঘুরপাক খাচ্ছে।

গত বৃহস্পতিবার সকালে কুমিল্লার লালমাই উপজেলার পেরুল উত্তর ইউনিয়নের জগতপুর উত্তরপাড়ার মানুমুড়া জঙ্গলসংলগ্ন জমি থেকে তাজমিনের লাশ উদ্ধার করে পুলিশ। পরে তদন্তে উঠে আসে, কক্সবাজারে এক রাত অবস্থান শেষে বাড়ি ফেরার পথে পদুয়ারবাজার থেকে সিএনজিচালিত অটোরিকশায় ওঠার পর চালক মো. সুমন মিয়ার (৩৫) ধর্ষণ ও হত্যার শিকার হয় কিশোরীটি। এ ঘটনায় গ্রেপ্তার সুমন আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছেন।

ফেসবুকে পরিচয়, তারপর কক্সবাজার যাত্রা

অনুসন্ধানে জানা গেছে, গত ৪ অক্টোবর এক বান্ধবীকে হাতঘড়ি দেওয়াকে কেন্দ্র করে মায়ের সঙ্গে তাজমিনের কথা-কাটাকাটি হয়। এরপর রাগ করে বাড়ি থেকে বেরিয়ে প্রথমে ব্রাহ্মণবাড়িয়ায় এক বান্ধবীর কাছে যায় সে। সেখান থেকে মুঠোফোনে রাজুর সঙ্গে যোগাযোগ করলে রাজু তাকে কক্সবাজারে আসার জন্য বিকাশের মাধ্যমে ৫০০ টাকা পাঠান। পরে কিশোরীটি কক্সবাজারে পৌঁছায়।

রাজুর সঙ্গে তাজমিনের পরিচয় হয়েছিল সামাজিক যোগাযোগমাধ্যমে। ফেসবুক ও ইনস্টাগ্রামে বার্তা আদান-প্রদান এবং রিলস বিনিময়ের মধ্য দিয়ে তাদের ঘনিষ্ঠতা তৈরি হয়। তবে তাদের পরিচয়ের সময়কাল নিয়ে ভিন্ন তথ্য পাওয়া গেছে। রাজুর এক সহকর্মীর দাবি, সামাজিক যোগাযোগমাধ্যমে ১৭ দিন আগে তাদের পরিচয় হয়েছিল। অন্য একটি সূত্রের দাবি, পরিচয়ের সময়কাল প্রায় পাঁচ মাস।

রাজু প্রায় তিন বছর ধরে কক্সবাজার শহরের একটি আবাসিক হোটেলে কাজ করছেন। তাজমিনের সঙ্গে যোগাযোগের পর তার জন্য বাসের টিকিটের ব্যবস্থা করেন তিনি।

হোটেলে স্বামী-স্ত্রী পরিচয়ে অবস্থান

কক্সবাজার শহরের কলাতলীতে কুটুমবাড়ি-সংলগ্ন সড়কের শেষ মাথায় অবস্থিত তিনতলা একটি হোটেলের নথি ও সিসিটিভি ফুটেজ পর্যালোচনা করে অনুসন্ধানকারীরা জানতে পারেন, গত ৬ অক্টোবর সন্ধ্যা ৭টা ২৫ মিনিটে রিয়াজ উদ্দিন ওরফে রাজুর সঙ্গে হোটেলটিতে ওঠে তাজমিন। সেখানে ৩০২ নম্বর কক্ষ ভাড়া নেওয়ার সময় নিজেদের স্বামী-স্ত্রী হিসেবে পরিচয় দেয় তারা। হোটেলের রেজিস্টারে কিশোরীর নাম লেখা হয় ‘তানজু আক্তার’ এবং বয়স উল্লেখ করা হয় ১৮ বছর। রাজুর পরিচয় দেওয়া হয় বান্দরবানের লামা এলাকার মনির আহমদের ছেলে হিসেবে।

হোটেলের এক কর্মী জানান, রেজিস্টার খাতায় রাজুর দুটি মোবাইল নম্বর ও একটি জাতীয় পরিচয়পত্রের (এনআইডি) নম্বর লেখা রয়েছে। এর মধ্যে একটি নম্বর পরিবারের সঙ্গে যোগাযোগের জন্য দেওয়া হয়েছিল। এক রাত অবস্থানের পর ৭ অক্টোবর বেলা ১১টার দিকে তারা হোটেল ছেড়ে চলে যান।

হোটেলের ফ্রন্ট ডেস্ক ব্যবস্থাপক মো. আবছার জানান, রাজুর জাতীয় পরিচয়পত্র নেওয়া হলেও তাজমিনের কোনো পরিচয়পত্র সংগ্রহ করা হয়নি।

অন্যদিকে, কক্সবাজার শহরের কলাতলীর একটি টিকিট কাউন্টারের পরিচালক আসহাব আব্দুল্লাহ সাংবাদিকদের জানান, মঙ্গলবার রাতে তাঁর পরিচিত ২০ বছর বয়সী এক তরুণ এক কিশোরীকে সঙ্গে নিয়ে টিকিট কাটতে এসেছিলেন। তরুণটি কিশোরীকে নিজের বান্ধবী বলে পরিচয় দিয়েছিলেন।

বাড়ি ফেরার টিকিট, তারপর বিচ্ছিন্ন যোগাযোগ

কক্সবাজারের ‘কক্সেস প্যানোরামিক ট্রাভেল অ্যান্ড ট্যুর’-এর কাউন্টার প্রতিনিধি মোহাম্মদ আবদুল্লাহ জানান, ৬ অক্টোবর রাত আটটার পর তাজমিন ও রাজু কাউন্টারে গিয়ে পরদিনের জন্য ‘আইকনিক এক্সপ্রেস’-এর বাসের টিকিট সংগ্রহ করেন। ৭ অক্টোবর দুপুর সাড়ে ১২টার দিকে তাজমিনকে বাসে তুলে দেওয়া হয়।

রাজুর ভাষ্য অনুযায়ী, তাজমিনের পরিবারের সদস্যরা বারবার ফোন করায় তাকে বাড়ি ফিরে যেতে বলেন তিনি। বাসভাড়ার টাকা না থাকায় ধার করে টিকিট কাটেন এবং ৫০০ টাকা দিয়ে তাকে বাসে তুলে দেন। তবে অন্য একটি অনুসন্ধানী সূত্রে টিকিটের মূল্য ৯০০ টাকা বলে উল্লেখ করা হয়েছে।

রাজুর দাবি, কুমিল্লায় পৌঁছানোর পর তাজমিন তাকে জানায়, বাড়ির ফটক বন্ধ রয়েছে। পরে রেলস্টেশনে এক ব্যক্তির সঙ্গে দেখা হওয়ার কথা জানিয়ে ওই ব্যক্তির বাসায় থাকার সিদ্ধান্তের কথাও বলে সে। এ নিয়ে দুজনের মধ্যে কথা-কাটাকাটি হয় বলে দাবি রাজুর।

রাজুর এক সহকর্মীর ভাষ্যমতে, কুমিল্লায় ফিরে অটোরিকশায় ওঠার পরও তাজমিনের সঙ্গে রাজুর ফোনে কথা হচ্ছিল। এমনকি অটোরিকশার চালককে নিয়েও তাদের মধ্যে কথা হয়। তবে রাত দেড়টার দিকে তাজমিনের ফোনের ‘লাইভ লোকেশন’ বন্ধ হয়ে যাওয়ার পর তার সঙ্গে আর যোগাযোগ করা সম্ভব হয়নি।

রাজুর দাবি, পরদিন সকালেও বহুবার ফোন করেও তাজমিনের সাড়া পাননি তিনি। পরে এক বান্ধবীর মাধ্যমে কিশোরীর মৃত্যুর খবর জানতে পারেন।

পদুয়ারবাজার থেকে অটোরিকশায় ওঠার পর যা ঘটে

সিসিটিভি ফুটেজে দেখা গেছে, ৭ অক্টোবর রাত পৌনে ১২টার দিকে কুমিল্লার পদুয়ারবাজার বিশ্বরোডের হোটেল নূরজাহানের সামনে বাস থেকে নামে তাজমিন। এরপর শহরের রেসকোর্স এলাকার বাসায় যাওয়ার উদ্দেশ্যে সিএনজিচালিত অটোরিকশা ভাড়া করে সে।

পুলিশের তথ্যমতে, অটোরিকশাচালক সুমন মিয়া তাজমিনকে রেসকোর্সে না নিয়ে লালমাই উপজেলার ভোরালজগতপুর উত্তরপাড়ার একটি নির্জন স্থানে নিয়ে যান। সেখানে ধর্ষণের পর গলায় গামছা পেঁচিয়ে শ্বাসরোধ করে তাকে হত্যা করা হয়।

পরদিন, ৮ অক্টোবর সকালে ওই এলাকার একটি ধানখেতের আইল থেকে তাজমিনের লাশ উদ্ধার করে পুলিশ। পরে চট্টগ্রাম থেকে সুমনকে গ্রেপ্তার করা হয়। তার দেখানো স্থান থেকে তাজমিনের ব্যবহৃত আইফোনও উদ্ধার করা হয়েছে।

হত্যার খবর জানার পর আত্মগোপনে রাজু?

তাজমিনের মৃত্যুর খবর জানার পর রাজু নিজেকে সম্পূর্ণ নির্দোষ দাবি করে কান্নাকাটি করেন বলে সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে। বর্তমানে তিনি হোটেল থেকে ছুটি নিয়ে অন্যত্র অবস্থান করছেন। তার ব্যবহৃত মোবাইল নম্বরটিও বন্ধ পাওয়া যাচ্ছে।

তবে রাজুর এসব দাবি ও অবস্থান সম্পর্কে স্বাধীনভাবে নিশ্চিত হওয়া যায়নি। তাজমিনের সঙ্গে তার সম্পর্ক এবং কক্সবাজারে অবস্থানের পুরো প্রেক্ষাপট খতিয়ে দেখা হচ্ছে।

মেয়ের নিখোঁজ হওয়ার বিষয়ে যা বলছেন মা

কিশোরী তাজমিনের মা কেয়া খাতুন সাংবাদিকদের জানিয়েছেন, বৃহস্পতিবার বিকেলে মেয়ের সঙ্গে তাঁর শেষ কথা হয়েছিল। তবে তাজমিন নির্দিষ্ট কোনো তথ্য না দিয়ে শুধু এক বান্ধবীর বাসায় থাকার কথা বলেছিল। তিনি মেয়েকে বাড়িতে ফিরিয়ে আনতে চাইলেও তাজমিন কার কাছে আছে, তা স্পষ্ট না করায় তা সম্ভব হয়নি।

তদন্তে কী বলছে পুলিশ

লালমাই থানার ওসি মিজানুর রহমান গণমাধ্যমকে জানিয়েছেন, এ ঘটনায় গ্রেপ্তার অটোরিকশাচালক সুমন আদালতে স্বীকারোক্তিমূলক জবানবন্দি দিয়েছেন। উদ্ধার করা মোবাইল ফোনের কলতালিকা ও অন্যান্য ডিজিটাল প্রমাণ বিশ্লেষণ করে অধিকতর তদন্ত চলছে।

তদন্ত শেষ হলে পুরো ঘটনার বিষয়ে বিস্তারিত তথ্য প্রকাশ করা সম্ভব হবে বলেও জানিয়েছেন এই পুলিশ কর্মকর্তা।

কে এই নিদাল হাসান, যার মৃত্যুদণ্ড সরাসরি সম্প্রচারের সিদ্ধান্ত নিয়েছে যুক্তরাষ্ট্র

দিগন্ত ডেস্ক

হত্যার অভিযোগে মার্কিন সেনাবাহিনীর এক সদস্যের মৃত্যুদণ্ড কার্যকরের দৃশ্য ইন্টারনেটে সরাসরি সম্প্রচারের পরিকল্পনা করছে যুক্তরাষ্ট্রের প্রতিরক্ষা দপ্তর। এমন সিদ্ধান্তের সমালোচনা করছেন বিভিন্ন রাজনৈতিক মতাদর্শের মানুষ।

তেসরা ডিসেম্বর, সাবেক মার্কিন সেনা কর্মকর্তা মেজর নিদাল হাসানের মৃত্যুদণ্ড কার্যকরের তারিখ নির্ধারণ করা হয়েছে। ফায়ারিং স্কোয়াড বা গুলি করে তাঁর মৃত্যুদণ্ড কার্যকর করা হবে, যা সরাসরি সম্প্রচারের সিদ্ধান্ত নিয়েছে পেন্টাগন।

প্রতিরক্ষামন্ত্রী পিট হেগসেথের দাবি, এই দৃশ্য অনলাইনে সম্প্রচার করা হলে ভবিষ্যতে এ ধরনের অপরাধ ঠেকাতে ভূমিকা রাখবে।

শুক্রবার যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেন, তিনি এ পরিকল্পনাকে সমর্থন করেন। তবে এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া এখনো বাকি।

পরিকল্পনা অনুযায়ী সম্প্রচার করা হলে, যুক্তরাষ্ট্রে মৃত্যুদণ্ড কার্যকরের দৃশ্য সরাসরি সম্প্রচারের এটাই হবে প্রথম ঘটনা।

মৃত্যুদণ্ড কার্যকরের এমন দৃশ্য প্রকাশের সিদ্ধান্তের তীব্র নিন্দা জানিয়েছেন অনেকে। এ উদ্যোগের আইনগত বৈধতা নিয়েও প্রশ্ন উঠেছে।

কিন্তু কে এই নিদাল হাসান? কেন তার মৃত্যুদণ্ড কার্যকর সরাসরি সম্প্রচারের সিদ্ধান্ত নিয়েছে মার্কিন সরকার?

কার মৃত্যুদণ্ড কার্যকর করা হবে?

যুক্তরাষ্ট্রের ভার্জিনিয়ার বাসিন্দা নিদাল হাসান সাবেক সেনা কর্মকর্তা ও মনোরোগ চিকিৎসক।

হাসানের আইনজীবী জন গ্যালিগান বিবিসিকে জানান, এ সপ্তাহে পেন্টাগনের প্রধান মুখপাত্রের সামাজিক যোগাযোগমাধ্যমের একটি পোস্ট দেখে তিনিই প্রথম হাসানকে তাঁর মৃত্যুদণ্ড কার্যকরের তারিখের কথা জানান।

গ্যালিগানের ভাষায়, পুরো ঘটনাটিকে ‘কার্নিভাল’ বা উৎসবের মতো করে তোলা হচ্ছে। তিনি বলেন, ‘পুরোনো দিনে যে ধরনের গণপিটুনির মানসিকতা দেখা যেত, এটি তার সবচেয়ে কাছাকাছি।’

নিদাল হাসান কে এবং তার হামলার উদ্দেশ্য কী ছিল?

ভার্জিনিয়ার বাসিন্দা নিদাল হাসান ২০০৯ সালের ৫ই নভেম্বর যুক্তরাষ্ট্রের টেক্সাস অঙ্গরাজ্যে ফোর্ট হুড সামরিক ঘাঁটিতে গুলি চালিয়ে ১৩ জন নিরস্ত্র সেনাকে হত্যা করেন। আহত হন আরও ৩২ জন।

ঘটনাটি ঘটে একটি সামরিক চিকিৎসাকেন্দ্রের ভেতরে, যেখানে তখন অনেক মানুষ ছিলেন।

২০১৩ সালে সামরিক আদালতে বিচার চলাকালে নিদাল হাসান বলেন, তার বিশ্বাস ছিল, যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীর হাত থেকে আফগানিস্তানের মুসলমান ও তালেবানকে রক্ষা করছেন তিনি।

যুক্তরাষ্ট্রের কোনো সামরিক ঘাঁটিতে যুদ্ধের বাইরে এ ধরনের হামলায় এত বেশি মানুষের মৃত্যুর ঘটনা আগে ঘটেনি।

হামলার সময় হাসান নিজেও গুলিবিদ্ধ হন। বর্তমানে তিনি হুইলচেয়ারে চলাফেরা করেন।

যে কেউ কি মৃত্যুদণ্ড কার্যকরের দৃশ্য দেখতে পারবেন?

মৃত্যুদণ্ড কার্যকরের দৃশ্য সরাসরি সম্প্রচারে কারা দেখতে পারবেন, তা এখনো স্পষ্ট করে জানানো হয়নি। এক্ষেত্রে কোনো বিধিনিষেধ আরোপ করা হবে কি না, সেটিও জানা যায়নি।

যুক্তরাষ্ট্রের বিভিন্ন অঙ্গরাজ্যে মৃত্যুদণ্ড কার্যকরের নিয়ম আলাদা।

কারা এ দৃশ্য দেখতে পারবেন, সে বিষয়েও রাজ্য ভেদে রয়েছে ভিন্ন ভিন্ন আইন।

দেশটির সামরিক বাহিনীরও এ বিষয়ে নিজস্ব নিয়ম রয়েছে।

কয়েকটি অঙ্গরাজ্যে মৃত্যুদণ্ড কার্যকরের সময় জনসাধারণের উপস্থিতি নিশ্চিত করার নিয়ম রয়েছে। অনেক অঙ্গরাজ্যে সাংবাদিকদের উপস্থিতি বাধ্যতামূলক। কোথাও মৃত্যুদণ্ডপ্রাপ্ত ব্যক্তি নিজে সাক্ষী হিসেবে কয়েকজনকে আমন্ত্রণ জানাতে পারেন। আবার কিছু অঙ্গরাজ্যে সাধারণ নাগরিকেরাও স্বেচ্ছায় সাক্ষী হওয়ার সুযোগ পান।

সামরিক বাহিনীর মৃত্যুদণ্ড কার্যকরের নিয়ম নিয়ে যুক্তরাষ্ট্রের সেনাবাহিনীর ১৯০-৫৫ নম্বর বিধিমালা অনুযায়ী, নির্দিষ্ট কয়েক শ্রেণির মানুষই মৃত্যুদণ্ড কার্যকরের সময় উপস্থিত থাকতে পারেন।

তাদের মধ্যে রয়েছেন সাংবাদিক ও দণ্ডিত ব্যক্তির স্বজনেরা। তবে ১৮ বছরের কম বয়সীদের সেখানে উপস্থিত থাকার অনুমতি নেই।

নিদাল হাসানের মৃত্যুদণ্ড সরাসরি সম্প্রচারের পরিকল্পনার সমালোচকেরা বলছেন, শিশুদের এ দৃশ্য দেখা থেকে বিরত রাখা কঠিন, এমনকি অসম্ভবও হতে পারে। সরাসরি সম্প্রচারের পাশাপাশি পরে ধারণ করা ভিডিও দেখার মাধ্যমেও শিশুরা এ দৃশ্য দেখতে পারে।

ফোর্ট হুডে হামলা থেকে বেঁচে যাওয়া এক ব্যক্তি বিবিসিকে বলেন, তিনি নিদাল হাসানের মৃত্যুদণ্ড কার্যকরের দৃশ্য সরাসরি সম্প্রচারের বিরোধী। তার আশঙ্কা, এ ধরনের সম্প্রচার তরুণদের কাছে ভুল বার্তা দিতে পারে।

আলোনজো লান্সফোর্ড যুক্তরাষ্ট্রের সেনাবাহিনীর সাবেক সার্জেন্ট। ওই হামলায় তাকে সাতবার গুলি করা হয়েছিল। তার মতে, মৃত্যুদণ্ড কার্যকরের দৃশ্য শুধু হামলার শিকার ব্যক্তি ও তাদের পরিবারের সদস্যদের দেখার সুযোগ দেওয়া উচিত।

তিনি বলেন, “নিহত সেনাদের পরিবার, হামলা থেকে বেঁচে যাওয়া ব্যক্তিদের পরিবার এবং যারা নিজেরা বেঁচে ফিরেছেন, তাদের ক্ষেত্রে আমি মনে করি, কোনো ধরনের সম্পাদনা বা দৃশ্য আড়াল না করেই মৃত্যুদণ্ড কার্যকরের দৃশ্য দেখার সুযোগ থাকা উচিত।”

অ্যামনেস্টি ইন্টারন্যাশনালের তথ্য অনুযায়ী, ২০২৫ সালে ইরানে জনসমক্ষে ১১টি মৃত্যুদণ্ড কার্যকরের ঘটনা নথিভুক্ত হয়েছিল। একই সময়ে আফগানিস্তানে আরও ছয়টি জনসমক্ষে মৃত্যুদণ্ড কার্যকরের তথ্য পাওয়া যায়।

মৃত্যুদণ্ডের দৃশ্য সরাসরি সম্প্রচার কি আইনসম্মত?

নিদাল হাসানের মৃত্যুদণ্ড কার্যকরের দৃশ্য সরাসরি সম্প্রচারের পরিকল্পনা নিয়ে উদ্বেগ জানিয়েছে জাতিসংঘ। শুক্রবার সংস্থাটি সতর্ক করে বলেছে, এ ধরনের সম্প্রচার ‘নিষ্ঠুর, অমানবিক বা অবমাননাকর আচরণ কিংবা শাস্তির যোগ্য’ হতে পারে। আন্তর্জাতিক আইনে এ ধরনের আচরণ নিষিদ্ধ।

শুক্রবার নিউইয়র্কে এক সংবাদ সম্মেলনে জাতিসংঘের মুখপাত্র স্তেফান দুজারিক বলেন, কোনো সরকার জনসমক্ষে কিংবা সরাসরি ক্যামেরার সামনে কাউকে মৃত্যুদণ্ড দেবে, এমন সম্ভাবনাই তার কাছে ‘ঘৃণ্য’।

তবে যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনী কীভাবে বা কোথায় এ সম্প্রচার করবে, তা এখনো স্পষ্ট নয়। এ উদ্যোগে দেশটির আইন বা বিধিমালা লঙ্ঘিত হবে কি না, তা নিয়েও প্রশ্ন রয়েছে। যেকোনো পরিস্থিতিতে এ পরিকল্পনার বিরুদ্ধে আইনি চ্যালেঞ্জ আসতে পারে বলে ধারণা করা হচ্ছে।

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের মালিকানাধীন সামাজিক যোগাযোগমাধ্যম ট্রুথ সোশ্যালে সরাসরি ভিডিও সম্প্রচারের সুবিধা নেই।

তবে হোয়াইট হাউসের বিভিন্ন জনপ্রিয় অনলাইন মাধ্যমে সরকারি অ্যাকাউন্ট ও চ্যানেল রয়েছে। এসব মাধ্যমে সরাসরি ভিডিও সম্প্রচার করা যায়। এর মধ্যে রয়েছে মেটা, ইউটিউব, টিকটক ও এক্স।

এসব মাধ্যমেই সহিংস দৃশ্য ও ভিডিও প্রকাশের ওপর নিষেধাজ্ঞা রয়েছে। মৃত্যু দেখানো, সহিংসতাকে উপভোগ্য কিংবা দর্শকদের বিনোদনের বিষয় হিসেবে তুলে ধরার ক্ষেত্রেও বিধিনিষেধ রয়েছে।

ইনস্টাগ্রাম, ফেসবুক ও থ্রেডসের মালিক প্রতিষ্ঠান মেটা। তাদের নীতিমালায় মৃত্যুদণ্ড কার্যকরের দৃশ্য সরাসরি সম্প্রচার সম্পূর্ণ নিষিদ্ধ।

অন্যদিকে, গুগলের মালিকানাধীন ইউটিউবে এমন কোনো দৃশ্য বা ভিডিও প্রকাশ করা নিষিদ্ধ, যা দর্শকদের আতঙ্কিত বা বিতৃষ্ণ করতে সহিংসতা কিংবা রক্তাক্ত দৃশ্য দেখায়। তবে জনস্বার্থ সংশ্লিষ্ট বিষয়বস্তুর ক্ষেত্রে ব্যতিক্রমের সুযোগ থাকতে পারে বলে জানিয়েছে ইউটিউব।

টিকটকেও এ ধরনের দৃশ্য প্রচারে কঠোর নিষেধাজ্ঞা রয়েছে। প্রতিষ্ঠানটির নীতিমালায় বলা হয়েছে, অতিমাত্রায় ভয়াবহ, সহিংস বা অস্বস্তিকর কোনো দৃশ্য প্রকাশ করা যাবে না। বিশেষ করে, যেসব দৃশ্য দর্শকদের মানসিকভাবে বিপর্যস্ত করতে পারে, সেগুলো নিষিদ্ধ।

নিষিদ্ধ দৃশ্যের মধ্যে রয়েছে কারও মৃত্যুর মুহূর্ত এবং কোনো ব্যক্তিকে গুলি করার দৃশ্য।

তবে দুই সপ্তাহ আগে টিকটক তাদের নীতিমালায় পরিবর্তন আনে। এতে জনস্বার্থ সংশ্লিষ্ট অতিমাত্রায় ভয়াবহ দৃশ্য প্রকাশের ক্ষেত্রে নিষেধাজ্ঞায় সম্ভাব্য ব্যতিক্রমের সুযোগ রাখা হয়েছে।

এখন কেন জনসমক্ষে মৃত্যুদণ্ড কার্যকরের পরিকল্পনা করা হচ্ছে?

যুক্তরাষ্ট্রের কয়েকটি অঙ্গরাজ্যে ফায়ারিং স্কোয়াডের মাধ্যমে গুলি করে অথবা বৈদ্যুতিক চেয়ারে বসিয়ে মৃত্যুদণ্ড কার্যকরের অনুমতি রয়েছে।

তবে দেশটিতে অধিকাংশ মৃত্যুদণ্ড কার্যকর করা হয় প্রাণঘাতী ওষুধের একাধিক উপাদান শরীরে প্রয়োগের মাধ্যমে।

কিন্তু বর্তমানে এসব ওষুধের সরবরাহ কমে গেছে।

ওষুধ কীভাবে ব্যবহার করা হচ্ছে, অপব্যবহার হচ্ছে কি না- তা নিয়ে উদ্বেগের কারণে উৎপাদনকারী প্রতিষ্ঠানগুলো এসব ওষুধ সরবরাহ কমিয়ে দিয়েছে।

যুক্তরাষ্ট্রের টেনেসি অঙ্গরাজ্যে দণ্ডিত খুনি ক্রিস্টা পাইকের মৃত্যুদণ্ড কার্যকরের সাম্প্রতিক চেষ্টা ব্যর্থ হয়। কেন এ ঘটনা ঘটেছে, তা এখনো তদন্ত করে দেখা হচ্ছে। এ ঘটনায় ব্যবহৃত ওষুধগুলোর মেয়াদ নিয়েও প্রশ্ন উঠেছে।

পাইকের মৃত্যুদণ্ড কার্যকরের চেষ্টা ব্যর্থ হওয়ার পর দণ্ডিত বন্দীদের মৃত্যুদণ্ড কার্যকরের বিকল্প পদ্ধতি কী হতে পারে, তা নিয়ে ভাবছেন কর্মকর্তারা।

যুক্তরাষ্ট্রের টেনেসি অঙ্গরাজ্যে ক্রিস্টা পাইকের মৃত্যুদণ্ড কার্যকরের চেষ্টা ব্যর্থ হওয়ার পাঁচ দিন পর, ৫ই অক্টোবর পেন্টাগন জানায়, নিদাল হাসানের মৃত্যুদণ্ড কার্যকর করা হবে ফায়ারিং স্কোয়াডের মাধ্যমে। অর্থাৎ, গুলি করে তাঁর মৃত্যুদণ্ড কার্যকর করা হবে।

প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এ পরিকল্পনায় সম্মতি দিয়েছেন। মৃত্যুদণ্ড কার্যকরের দৃশ্য সরাসরি সম্প্রচারের বিষয়েও তিনি সমর্থন জানিয়েছেন। তবে এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত এখনো হয়নি।

অন্যদিকে, যুক্তরাষ্ট্রের ভাইস প্রেসিডেন্ট জেডি ভ্যান্স এ সম্প্রচার হবে কি না, তা নিয়ে সংশয় প্রকাশ করেছেন। তিনি বলেন, বিষয়টি ঘটবে কি না, সে বিষয়ে তিনি নিশ্চিত নন।

তবে সম্প্রচার করা হলেও সেটি দেখার কোনো পরিকল্পনা নেই বলে জানিয়েছেন জেডি ভ্যান্স।

যুক্তরাষ্ট্রে সর্বশেষ কবে জনসমক্ষে মৃত্যুদণ্ড কার্যকর হয়েছিল?

যুক্তরাষ্ট্রে সর্বশেষ জনসমক্ষে মৃত্যুদণ্ড কার্যকর করা হয় রস্কো ‘রেড’ জ্যাকসনের। দেশটির মৃত্যুদণ্ডসংক্রান্ত তথ্য সংগ্রহকারী সংস্থা ডেথ পেনাল্টি ইনফরমেশন সেন্টারের তথ্য অনুযায়ী, মিসৌরি অঙ্গরাজ্যের একটি ভবনের ভেতরে প্রায় ৫০০ মানুষের উপস্থিতিতে তাঁর মৃত্যুদণ্ড কার্যকর করা হয়েছিল।

যুক্তরাষ্ট্রে জনসমক্ষে বহুল আলোচিত সর্বশেষ মৃত্যুদণ্ড কার্যকর করা হয় ১৯৩৬ সালে, কেন্টাকি অঙ্গরাজ্যে। ধর্ষণের দায়ে দণ্ডিত রেইনি বেথিয়াকে ফাঁসিতে ঝোলানো হয়। এ সময় ঘটনাস্থলে উপস্থিত ছিলেন আনুমানিক ২০ হাজার মানুষ।

১৯৬১ সালে ১১ বছর বয়সী এক অস্ট্রীয় শিশুকে ধর্ষণের দায়ে দোষী সাব্যস্ত হওয়ার পর যুক্তরাষ্ট্রের সেনাবাহিনীর এক সদস্যকে ফাঁসিতে ঝোলানো হয়েছিল।

দ্বিতীয় বিশ্বযুদ্ধের শেষ দিকে ১৯৪৫ সালের জানুয়ারিতে যুক্তরাষ্ট্রের সেনাবাহিনীর এক তরুণ পলাতক সৈনিককে ফায়ারিং স্কোয়াডের মাধ্যমে মৃত্যুদণ্ড দেওয়া হয়।

নিদাল হাসানের মৃত্যুদণ্ড কার্যকর করা হলে, ১৯৬১ সালের পর সেটিই হবে যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীর প্রথম মৃত্যুদণ্ড কার্যকর। আর দ্বিতীয় বিশ্বযুদ্ধের পর ফায়ারিং স্কোয়াডের মাধ্যমে এটিই হবে দেশটিতে প্রথম মৃত্যুদণ্ড কার্যকরের ঘটনা।

পেনশন পুনঃস্থাপন চেয়ে ফের গ্রামীণ ব্যাংকের সামনে অবসরে যাওয়া কর্মীরা

নিজস্ব প্রতিবেদক

চিকিৎসা ভাতা, উৎসব ভাতা ও পুনঃপেনশন চেয়ে গ্রামীণ ব্যাংকের প্রধান কার্যালয়ের সামনে ফের অবস্থান নিয়েছেন অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীরা।

রোববার সকাল ১০ টা থেকে ঢাকার মিরপুর-২ নম্বরে প্রতিষ্ঠানের প্রধান কার্যালয়ের সামনে ‘গ্রামীণ ব্যাংক অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারী কল্যাণ পরিষদের’ ব্যানারে এ কর্মসূচি শুরু করেন সাবেক কর্মীরা। বেলা আড়াইটার দিকেও তাদের কর্মসূচি অব্যাহত রেখেছেন বলে জানিয়েছেন মিরপুর মডেল থানার ওসি হাফিজুর রহমান।

তিনি বলেন, “তারা শান্তিপূর্ণভাবে অবস্থান কর্মসূচি চালিয়ে যাচ্ছেন, এছাড়া এখানে কোনো ঝামেলা নেই। দেখি তারা কতক্ষণ থাকে বা কী কর্মসূচি ঘোষণা করে। তারাও আছে, আমরাও আছি।” অবস্থানকারীদের মধ্যে অনেকের অভিযোগ, চাকরির বয়স শেষ হওয়ার আগেই অনেককে বাধ্যতামূলক অবসরে পাঠায় গ্রামীণ ব্যাংক।

এমন অবস্থায় তারা মাসিক পেনশন চালুর পাশাপাশি চিকিৎসা ও উৎসব ভাতা চান। পেনশন পুনঃস্থাপন হলো এমন একটি ব্যবস্থা, যার মাধ্যমে কোনো অবসরপ্রাপ্ত সরকারি কর্মচারী অবসরে যাওয়ার ১৫ বছর পূর্তির পর পুনরায় মাসিক পেনশন পাওয়ার যোগ্যতা অর্জন করেন। কর্মীদের দাবি এবং মালিকপক্ষের ‘কর্ণপাত না করার’ অভিযোগের মধ্যে সবশেষ ২০২১ সালে ‘সংক্ষুব্ধ অবসরপ্রাপ্তদের পক্ষে’ হাই কোর্টে রিট আবেদন করা হয়। এর শুনানি শেষে ২০২৪ সালের ১৯ মার্চ হাই কোর্ট অবসরপ্রাপ্তদের অনুকূলে রায় দেয়, যেটির পূর্ণাঙ্গ রায় প্রকাশিত হয়েছে চলতি বছরের ২২ জুন। এমন অবস্থায় গেল কয়েক মাসে দফায় দফায় সংবাদ সম্মেলন-মানববন্ধন শেষে রোববার সকাল থেকে গ্রামীণ ব্যাংকের প্রধান কার্যালয়ের সামনে অবস্থান নিয়েছেন কয়েকশ অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারী। তাদের মধ্যে এক নারী বলেন, “আমরা কোনো চাঁদাবাজ না, সন্ত্রাসী না, ভিক্ষুক না। কোনো বিশৃঙ্খলা আমাদের নেই। আমরা শুধু ন্যায্য পাওনার জন্য আসছি।” গ্রামীণ ব্যাংকের প্রতিষ্ঠাতা মুহাম্মদ ইউনূসকে উদ্দেশ্য করে ওই নারী বলেন, “উনি তো নোবেল পুরস্কার পেয়েছেন আমাদের কারণে। আমাদেরকে ভিক্ষুক বানিয়ে উনি প্রজ্ঞাপন জারি করে হাতের তালি দিয়ে ঘুরে বেড়াচ্ছেন।”

আন্দোলনরতদের মধ্যে আরেকজন বলছেন, গ্রামীণ ব্যাংকে ‘ইউনূসের আমলাদের অত্যাচার-নির্যাতনে বাধ্য হয়ে’ তারা চাকরি ছাড়তে বাধ্য হয়েছিলেন।

“আমরা যারা কর্মকর্তা-কর্মচারীরা আছি, তাদের অবসরের ১৫ বছর হলে তাদেরকে পুনঃপেনশন দেওয়ার কথা। আমাদেরকে দুই ঈদে দুইটা বোনাস এবং বৈশাখী ভাতা এগুলা দেওয়ার কথা। চিকিৎসা ভাতা প্রচলিত আইন অনুযায়ী আমাদেরকে দেওয়ার কথা। হাই কোর্টে রিট অনুযায়ী এই রায় দিছে। কিন্তু কর্তৃপক্ষ আমাদেরকে দিতেছে না।”

আরেকজন বলেন, তিনি ১৯৮৪ সালে গ্রামীণ ব্যাংকে যোগদান করেছিলেন। কিন্তু ২০০০ সালে ‘অল্প কিছু টাকা দিয়ে’ তাকে বিদায় করে দেওয়া হয়েছিল। “ওইটুকুতে আমার সংসারে কিছু হয়নি। এখন আমার বয়স হয়ে গেছে ৬৭ বছর। বয়সের তুলনায় আমার শরীরে নানান অসুখ ধরে গেছে, আমার সংসারেরও খুব অভাব। আমি পেনশনের টাকা চাই, আমাদের এই ন্যায্য পাওনা থেকে তারা আমাদেরকে বঞ্চিত করছে।” ক্ষুদ্রঋণ বিতরণ করে দারিদ্র বিমোচনের চেষ্টার স্বীকৃতি হিসেবে ২০০৬ সালে গ্রামীণ ব্যাংক ও মুহাম্মদ ইউনূসকে শান্তিতে নোবেল পুরস্কার দেওয়া হয়। ১৯৮৩ সালে প্রতিষ্ঠালগ্ন থেকে দীর্ঘ ২৮ বছর গ্রামীণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালক ছিলেন অধ্যাপক মুহাম্মদ ইউনূস, যিনি বাংলাদেশের অন্তর্বর্তী সরকারের প্রধান ছিলেন। বিগত আওয়ামী লীগ সরকারের সময় অধ্যাপক ইউনূসকে অবসরের বয়স পেরিয়ে যাওয়ার কারণ দেখিয়ে গ্রামীণ ব্যাংকের ব্যবস্থাপনা পরিচালকের পদ থেকে সরিয়ে দেওয়া হয়। পরে আদালতে গিয়েও তিনি আর সেই পদে ফিরতে পারেননি।

আওয়ামী লীগ সরকারের দেড় দশকে গ্রামীণ ব্যাংকের কর্মসূচি এবং ইউনূসকে নিয়ে বিভিন্ন সময়ে প্রকাশ্যে সমালোচনা করেছেনতখনকার প্রধানমন্ত্রী শেখ হাসিনা। ২০২৪ সালের ৫ অগাস্ট গণঅভ্যুত্থানের মুখে তিনি দেশত্যাগ করলে সেই ইউনূসের নেতৃত্বেই অন্তর্বর্তী সরকার গঠিত হয়। গ্রামীণ ব্যাংকের অবসরপ্রাপ্ত কর্মীরা বলছেন, ২০০৪ ও ২০১৬ সালে অর্থ মন্ত্রণালয়ের ঘোষিত অবসরপ্রাপ্ত কর্মকর্তা-কর্মচারীদের জন্য জারি করা প্রজ্ঞাপন বাস্তবায়ন করছে না প্রতিষ্ঠানটি। মানববন্ধনে অংশ নেওয়া একাধিক সাবেক কর্মী বলেছেন, তারা দীর্ঘদিন ধরেই গ্রামীণ ব্যাংক কর্তৃপক্ষকে জানাচ্ছেন।

চাঁদপুর আল আমিন হাসপাতাল (প্রাঃ) লিঃ

CHANDPUR AL-AMIN HOSPITAL

আল-আমিন একাডেমী ছাত্রী শাখার পার্শ্বে, নতুন বাজার, চাঁদপুর।
মোবাইল ঃ ০১৭১২১২৯৩২০

বিশেষজ্ঞ ডাক্তারগণের চেম্বার

ডাক্তারগণের নাম	বিশেষজ্ঞ	রোগী দেখার সময়
ডাঃ মুহাম্মদ সালাহ্ উদ্দিন সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান নাক, কান, গলা ও হেড নেক সার্জারী বিভাগ শেরে-ই-বাংলা মেডিকেল কলেজ, বরিশাল	নাক, কান, গলা রোগ বিশেষজ্ঞ ও হেড নেক সার্জন কানের সার্জারীতে ও লেজার সার্জারী বিশেষজ্ঞ	প্রতি মাসে ১ম ও ৩য় শুক্রবার দুপুর ৪ টা হইতে রাত ৮টা
ডাঃ আনোয়ার হোসেন এম.বি.বি.এস, বিসিএস (স্বাস্থ্য), এমপিএইচ(বিএসএমএমইউ) সার্টিফাইড ফেলো কার্ডিওলজী ন্যাশনাল হার্ট ফাউন্ডেশন, ঢাকা (জনস্বাস্থ্য বিশেষজ্ঞ) মুগদা মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা।	মেডিসিন, নিউরোমেডিসিন, হৃদরোগ, বাতজ্বর, বক্ষব্যাধি, চর্ম ও যৌন রোগ বিশেষজ্ঞ	প্রতি শুক্রবার সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত।
ডাঃ এ.এইচ.এম ফেরদৌস নুর (কাউছার) এমবিবিএস(সিএমসি), বিসিএস (স্বাস্থ্য) এফসিপিএস(ইএনটি) জাতীয় নাক, কান, গলা, ইনস্টিটিউট তেজগাঁও, ঢাকা (এক্স)। ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর। মোবাইল: ০১৯১৮-০২২৮৪৩ (ব্যক্তিগত)	নাক, কান, গলা, মুখ গহ্বর, ঘাড় ও মাথা ব্যাথা রোগ বিশেষজ্ঞ এবং হেড নেক সার্জন	প্রতিদিন দুপুর ২টা হইতে রাত ৯টা
ডাঃ মোঃ সাদ্দাম হোসেন তালুকদার এমবিবিএস, বিসিএস(স্বাস্থ্য) এফসিজিপি (ফ্যামিলি মেডিসিন) পজিটি (রেসপিরেটরি মেডিসিন) এমএস রেসিডেন্ট থোরাসিক সার্জারী) মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতাল, ঢাকা। জাতীয় বক্ষব্যাধি ইনস্টিটিউট ও হাসপাতাল, ঢাকা।	মেডিসিন, এ্যাজমা, হাঁপানী, শ্বাসকষ্ট, যক্ষা ও বক্ষব্যাধি রোগের চিকিৎসক ও থোরাসিক সার্জন	প্রতিদিন দুপুর ২টা থেকে রাত ৮টা পর্যন্ত।
ডাঃ আজমিরা বেগম এমবিবিএস(ঢামেক), বিসিএস(স্বাস্থ্য) এম এস (গাইনী এন্ড অবস্) ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতাল, চাঁদপুর। বিএমডিসি রেজিঃ নং- এ-৫৫১৭০	স্ত্রী, প্রসূতিরোগ বিশেষজ্ঞ এবং সার্জন	প্রতিদিন দুপুর ৩টা থেকে রাত ৭টা পর্যন্ত
ডাঃ দ্বীন ইসলাম এমবিবিএস (সিইউ) ডিসিএইচ (ঢাকা শিশু হাসপাতাল) স্পেশাল ট্রেনিং ইন এনআইসিইউ এন্ড পিআইসিইউ সহকারী অধ্যাপক মনোয়ারা সিকদার মেডিকেল কলেজ ও হাসপাতাল	নবজাতক শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ	প্রতি রবিঃ থেকে বুধবার।

আমাদের বৈশিষ্ট্য সমূহ
- অভিজ্ঞ ডিপ্লোমাধারী প্যাথলজি টেকনিশিয়ানের মাধ্যমে সকল প্রকার পরীক্ষা-নিরীক্ষা করা হয়।
- আউটডোরে ২৪ ঘন্টা একজন এম.বি.বি.এস ডাক্তারের অবস্থান।
- নরমাল ডেলিভারীর ব্যবস্থা।
- বিশেষজ্ঞ ডাক্তারদের চেম্বার সুবিধা।
- সার্বক্ষণিক রোগী ভর্তির ব্যবস্থা।
- স্বল্প ব্যয়ে সবধরনের অপারেশন সুবিধ।

সবধরনের অপারেশন ও পরীক্ষার নির্ভরযোগ্য প্রতিষ্ঠান